
কুরআন পোড়ানোর ঘটনার বিচার শুরু করছে সুইডেন
সারে-জমিন


কংগ্রেসের মিছিল থেকে মমতার পদত্যাগের স্লোগান
রূপসী বাংলা


মায়ানমারকে ভাগ করে শাসন করার নীতি চিনের
সম্পাদকীয়


জলঙ্গির এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হল কেরলে
সাধারণ

# আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শনিবার
৩১ আগস্ট, ২০২৪
১৫ ভাদ্র ১৪৩১
২৫ সফর, ১৪৪৬ হিজরি
সম্পাদক
জাইদুল হক


প্যারা অলিম্পিকে একদিনে চারটি পদক জয় ভারতের
খেলতে খেলতে

Vol.: 19 ■ Issue: 236 ■ Daily APONZONE ■ 31 August 2024 ■ Saturday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php ■ aponzone@gmail.com


প্রথম নজর

## এসএসসির আঞ্চলিক চেয়ারম্যান তালিকায়ও নেই কোনও সংখ্যালঘু

এম মেহেদী সানি ● কলকাতা





**আপনজন:** পশ্চিমবঙ্গ সরকারের স্কুল শিক্ষা দফতরের মাধ্যমিক শাখার তরফে জারি করা বিজ্ঞপ্তিতে স্কুল সার্ভিস কমিশনের (এসএসসি) আঞ্চলিক চেয়ারম্যানদের নামের তালিকা প্রকাশ করা হয়েছে। ২৮ শে আগস্ট প্রকাশিত ওই তালিকায় কোনো সংখ্যালঘু মুখ না থাকায় ইতিমধ্যেই প্রশ্ন উঠতে শুরু করেছে। গত ২২ আগস্ট পশ্চিমবঙ্গ সরকারের স্কুল শিক্ষা দফতরের প্রাথমিক বিভাগের তরফে প্রকাশিত বিজ্ঞপ্তিতে পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদের নতুন অ্যাডহক কমিটিতে কোনো সংখ্যালঘু প্রতিনিধি না রাখার কারণে সামাজিক গণমাধ্যম সহ বিভিন্ন সংখ্যালঘু মহলে তীব্র অসন্তোষ সৃষ্টি হয়েছিল। এই আবহেই আবার একই ঘটনার পুনরাবৃত্তিতে ক্ষুব্ধ সংখ্যালঘু মহল। স্কুল সার্ভিস কমিশনের আঞ্চলিক চেয়ারম্যানদের নামের নতুন তালিকা অনুযায়ী দক্ষিণাঞ্চলের দায়িত্ব পেয়েছেন যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা বিভাগের সহকারী অধ্যাপক ড. মনিকান্ত পারিয়া, পূর্বাঞ্চলের দায়িত্ব পেয়েছেন রামপুরহাট কলেজের সহকারী অধ্যাপক ড. অরিন্দম গঙ্গোপাধ্যায়, দক্ষিণ-পূর্ব অঞ্চলের দায়িত্ব পেয়েছেন পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ড. সৌমি দাস, পশ্চিমাঞ্চলের দায়িত্ব পেয়েছেন সিধু-কানহু-বিরসা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. সাধনা খাওয়াস, উত্তরাঞ্চলের দায়িত্ব পেয়েছেন পঞ্চানন বর্মা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পিয়াল বসু রায়। জানা গিয়েছে, সংখ্যালঘু মুখ হিসাবে স্কুল সার্ভিস কমিশনের আঞ্চলিক চেয়ারম্যান পদে ২০১১ সাল থেকে ২০১৫ সাল পর্যন্ত উত্তরাঞ্চলের দায়িত্বে ছিলেন অধ্যাপক আব্দুল ওহাব ও ২০১৫ সাল নাগাদ পশ্চিমাঞ্চলের দায়িত্বে ছিলেন অধ্যাপক শেখ সিরাজউদ্দিন। এরপর থেকে সম্ভবত আর কোনো সংখ্যালঘুকে স্থান দেওয়া হয়নি।



'এ নিয়ে আমার কিছু বলার নেই। শিক্ষা দফতরের সঙ্গে কথা বলতে হবে, কারণ আঞ্চলিক চেয়ারম্যানরা সরকার কর্তৃক নিয়োগ পেয়েছেন।'
*সিদ্ধার্থ মজুমদার*
চেয়ারম্যান, এসএসসি

চার বছরের জন্য মনোনীত স্কুল সার্ভিস কমিশনের (এসএসসি) আঞ্চলিক চেয়ারম্যানদের নয়া এই তালিকায় কমপক্ষে একজন সংখ্যালঘু মুখ না থাকায় সোশ্যাল মিডিয়ায় বিভিন্ন সংখ্যালঘু মহল থেকে প্রশ্ন তোলা হচ্ছে বর্তমানে মুসলিম সহকারি অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকদের সংখ্যা যথেষ্ট হওয়া সত্ত্বেও তারপরও তারা ব্রাত্য কেন। অন্যদিকে সমগ্র রাজ্যের এক তৃতীয়াংশ মুসলিম অথচ সরকারি কমিটিতে কোনো সংখ্যালঘু মুখ নেই কেন তা নিয়েও প্রশ্ন উঠছে। সংখ্যালঘু তোষণের তকমা মুছতে গিয়ে যদি বাম জামানার মতোই পক্ষপাত শুরু হয় তাহলে আগামী দিনে সংখ্যালঘুরা মমতা সরকারের থেকে মুখ ফিরিয়ে নেবে বলে অনেকে মত প্রকাশ করছেন । এসএসসি'র আঞ্চলিক চেয়ারম্যানদের নতুন তালিকা প্রকাশ্যে আসতেই 'প্রোগ্রেসিভ ইন্টেলেকচুয়ালস অফ বেঙ্গল'-এর পক্ষ থেকে সামাজিক গণমাধ্যমে প্রতিবাদে সরব হচ্ছেন সংগঠনের কর্মকর্তারা। নিরবচ্ছিন্ন ভাবে একই ঘটনার প্রেক্ষিতে সংগঠনের সভাপতি অধ্যাপক ড. মোনাজাত আলী বিশ্বাস সহ সংগঠনের অন্যান্য কর্মকর্তারা গণতান্ত্রিক পদ্ধতিতে আন্দোলনে নামারও হুঁশিয়ারি দিয়েছেন। পশ্চিমবঙ্গ স্কুল সার্ভিস কমিশনের চেয়ারম্যান সিদ্ধার্থ মজুমদারের সঙ্গে এ বিষয়ে জানতে চাওয়া হলে তিনি 'আপনজন' প্রতিনিধিকে টেলিফোনে বলেন, 'এ বিষয়ে আমার কিছু বলবার নেই, শিক্ষা দফতরের সঙ্গে কথা বলতে হবে, কারণ আঞ্চলিক চেয়ারম্যানরা সরকার কর্তৃক নিয়োগ পেয়েছেন।' সামাজিক গণমাধ্যমে বিষয়টি নিয়ে যে জোর চর্চা শুরু হয়েছে তাতে অবশ্য আমল দিতে চাননি সিদ্ধার্থ বাবু। সংশ্লিষ্ট বিষয় নিয়ে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর সঙ্গে টেলিফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তাঁকে পাওয়া যায়নি।

### দাদরির আখলাক হত্যার ছায়া হরিয়ানার চরখি দাদরিতে

# গোমাংস রান্নার কথিত অভিযোগে পিটিয়ে হত্যা বাংলার শ্রমিককে





*চরখি দাদরির বাধরার এই বস্তিতে থাকতেন নিহত সাবির মল্লিক। (পাশে) ঘটনাস্থলে চলছে পুলিশি টহল।*



*বাসন্তীর বাড়িতে ফিরল সাবিরের কফিন বন্দি লাশ।*

দীপক কুমার ● হরিয়ানা
চন্দনা বন্দ্যোপাধ্যায় ● বাসন্তী

**আপনজন:** উত্তরপ্রদেশের দাদরির কাছে বিসাহদা গ্রামে ২০১৫ সালের ২৮ সেপ্টেম্বর রাতে ৫২ বছর বয়সি মোহাম্মদ আখলাকের বাড়িতে গোমাংস রাখার কথিত অভিযোগে পিটিয়ে হত্যা করা হয়েছিল। এবার গোমাংস রান্নার অভিযোগে পিটিয়ে হত্যার ঘটনা ঘটল হরিয়ানার চরখি দাদরি থানার এলাকার বাধরায়। এবার গোরক্ষকদের হাতে প্রাণ গেল পশ্চিমবঙ্গের দক্ষিণ ২৪ পরগনা জেলার বাসন্তী থানা এলাকার বাসিন্দা সাবির মল্লিক। শুক্রবার সাবিরের কফিনবন্দি দেহ বাসন্তিতে তার বাড়িতে পৌঁছায়। এদিন বিকেলে তার দাফন সম্পন্ন করা হয়। তার মৃত্যুতে গোটা পরিবার সহ এলাকায় শোকের ছায়া নেমে এসেছে। এবিষয়ে পশ্চিমবঙ্গ পরিযায়ী শ্রমিক কল্যাণ পর্ষদ মৃত সাগিরের ভাই বাবুর আলি মল্লিকের সঙ্গে যোগাযোগ করে তাঁদের পাশে থাকার আশ্বাস দিয়েছে। বাসন্তী পঞ্চায়েতের প্রধান শ্রীদাম মণ্ডল এদিন জানান, পশ্চিমবঙ্গ থেকে পরিযায়ী শ্রমিকের কাজ করতে অনেকেই বিভিন্ন রাজ্যে যান। কিন্তু এই ধরনের ঘটনায় তিনি স্তম্ভিত ও মর্মাহত। বিষয়টি তিনি স্থানীয় সাংসদ প্রতিমা মণ্ডলকে জানিয়েছেন যাতে এই ঘটনা সংসদে তুলতে পারেন জয়নগরের সাংসদ।

গোরক্ষকদের হাতে পিটিয়ে হত্যার ঘটনায় সাবির মল্লিকের পরিবারের অভিযোগের ভিত্তিতে হরিয়ানা চরখি দাদরি থানার পুলিশ পাঁচজন গোরক্ষককে গ্রেফতার করেছে বলে জানিয়েছেন সেখানকার ডিএসএপি ভারত ভূষণ। গোমাংস খাওয়ার সন্দেহে সাবির মালিককে পিটিয়ে খুন করা হয় বলে অভিযোগ। ধৃতদের নাম অভিষেক ওরফে শকা, রবিন্দর ওরফে কালিয়া, মোহিত, কমলজিৎ ও সাহিল ওরফে পাপ্পি। পুলিশ লাশটি হেফাজতে নিয়ে চরখি দাদরি সিভিল হাসপাতালে নিয়ে যায়, যেখানে বুধবার পোস্টমর্টেম করা হয়।

হরিয়ানার হিন্দি দৈনিক 'হরিভূমি'-তে এ সম্পর্কে প্রকাশিত খবরে বলা হয়েছে, দাদরির এই বস্তিতে আসাম ও পশ্চিমবঙ্গের প্রায় পাঁচ ডজন পরিবার বাস করে। এর মধ্যে বেশিরভাগ লোক আবর্জনা সংগ্রহকারী এবং স্ক্র্যাপ সংগ্রহকারী হিসাবে কাজ করে। সময়ে সময়ে, গোয়েন্দা বিভাগ এই বস্তিতে বসবাসকারী লোকদের আধার কার্ড এবং অন্যান্য নথি পরীক্ষা করে। এর মধ্যে আসামের বেশি পরিবার এবং পশ্চিমবঙ্গের কম পরিবার রয়েছে।

বাসন্তী গ্রামের বাসিন্দা গোরক্ষকদের হাতে নিহত সাবির মল্লিক মাত্র ১৫ বছর বয়সে পশ্চিমবঙ্গ থেকে এসেছিলেন চরখি দাদরির বস্তিতে এসেছিলেন স্ক্র্যাপ সংগহের কাজ করতে । দীর্ঘদিন থাকার পর তিনি নিজ গ্রামে ফিরে যান। ২০২১ সালে তিনি আবার বাধরায় আসেন এবং আবর্জনা সংগ্রহকারী হিসাবে কাজ শুরু করেন।

বর্তমানে সাবির, তার স্ত্রী, মেয়ে, শ্বশুর, শ্যালক প্রমুখ এখানে থাকতেন। বুধবার ময়নাতদন্ত শেষে স্বজনরা সাবিরের মরদেহ নিয়ে নিজ গ্রামে চলে যান।

একই সময়ে, তার পরিবার থেকে একজন মহিলা এবং তিনজন রয়ে গেছে যারা কুঁড়েঘরের কাছে সংগ্রহ করা আবর্জনা বিক্রি করে এখান থেকে চলে যাওয়ার কথা ভাবছে। তাদের নিরাপত্তার জন্য পুলিশ সেনা মোতায়েন করেছে।

এ ব্যাপারে সাবিরের সাথে থাকা তার ভগ্নিপতি সুজাউদ্দিন সরদার স্থানীয় সংবাদমাধ্যমকে জানান, তিনি এবং তার আত্মীয় বাধরার জুই রোডের একটি বস্তিতে থাকেন এবং আবর্জনা সংগ্রহকারী হিসাবে কাজ করেন। তার বোন শাকিনা সরদারও স্বামী সাবির মালিকের সাথে তার সন্তানদের নিয়ে বাধরায় থাকেন। তিনি জানান, কিছু লোক গত মঙ্গলবার এসে বলে, আপনারা মাংস খান এবং এটি গরুর মাংস হতে পারে। এরপর তাকে জিজ্ঞাসাবাদ করে বাধরা থানায় নিয়ে আসে। এরপর কিছু যুবক তার শ্যালক সাবির মালিককে স্ক্র্যাপ দেওয়ার অজুহাতে বাসস্ট্যান্ডে নিয়ে যায়। ওই যুবকরাও তাদের পরিচিত আসামের বাসিন্দা আছির উদ্দিনকে ডেকে লাঠি দিয়ে পিটিয়ে বাইকে তুলে নিয়ে যায়। এ ছাড়া তারা তাকে মারধর করে। এরপর বুধবার সকালে ভান্ডওয়া গ্রামের কাছে তার শ্যালকের লাশ পাওয়া যায়। খবর পেয়ে পুলিশ লাশটি হেফাজতে নিয়ে চরখি দাদরি সিভিল হাসপাতালে ময়নাতদন্ত করে।

বিষয়টি নিয়ে চরখি দাদরার পুলিশ সুপার জানিয়েছেন, মঙ্গলবার ভাধরা গ্রামের বাসস্ট্যান্ডের কাছে একটি ঝুপড়িতে বসবাসকারী পরিযায়ী শ্রমিকদের বাড়িতে যায় একদল দুষ্কৃতী যারা গোরক্ষক বলে দাবি করে। বাড়িতে গোমাংস রান্না করা হয়েছে সন্দেহে তারা তাকে ডেকে পিটিয়ে হত্যা করে বলে অভিযোগ। মঙ্গলবার ওই পরিবার যে খাবার খেয়েছিল তার নমুনাও সংগ্রহ করে ফরিদাবাদের ল্যাবরেটরিতে পাঠানো হয়েছে। ডিএসপি ও থানার ইনচার্জের নেতৃত্বে পুলিশ ও সিআইএ টিম সার্বক্ষণিক মনিটরিং করছে। যারা নিজেদেরকে গোরক্ষক বলে দাবি করে, তাদের বেশিরভাগই আন্ডারগ্রাউন্ডে চলে গেছে এবং পুলিশ তাদের খোঁজে ব্যস্ত। পুলিশ সুপার জানিয়েছেন, মঙ্গলবার ভাধরা গ্রামের বাসস্ট্যান্ডের কাছে একটি ঝুপড়িতে বসবাসকারী পরিযায়ী শ্রমিকদের বাড়িতে যায় একদল দুষ্কৃতী। যারা নিজেদেরকে গোরক্ষক বলে দাবি করে, তাদের বেশিরভাগই আন্ডারগ্রাউন্ডে চলে গেছে এবং পুলিশ তাদের খোঁজে ব্যস্ত। এ বিষয়ে বাধরার ডিএসপি ভারত ভূষণ বলেন, ৫ জনের বিরুদ্ধে সংশ্লিষ্ট ধারায় মামলা দায়ের করা হয়েছে। দল গঠন করে অভিযুক্তদের খোঁজ করা হচ্ছে। শিগগিরই আসামিদের গ্রেফতার করে মামলার সত্যতা উদঘাটন করা হবে।

## ধর্ষণ বিরোধী কড়া আইনের আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রীকে ফের চিঠি লিখলেন মুখ্যমন্ত্রী



**আপনজন ডেস্ক:** পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় শুক্রবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আরও একটি চিঠি দিয়েছেন, যেখানে ধর্ষণের ঘটনা নিয়ে কেন্দ্রীয় আইন প্রণয়ন এবং এই ধরনের অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানানো হয়েছে।

এই ইস্যুতে প্রধানমন্ত্রী মোদীকে এটি মুখ্যমন্ত্রীর দ্বিতীয় চিঠি। প্রধানমন্ত্রীকে পাঠানো নতুন বার্তায় মুখ্যমন্ত্রী দাবি করেছেন যে ২২ আগস্ট তিনি যে চিঠিটি লিখেছিলেন তার কোনও উত্তর তিনি প্রধানমন্ত্রী মোদীর কাছ থেকে পাননি।

চিঠিতে তিনি লিখেছেন, 'এমন একটি স্পর্শকাতর বিষয়ে আপনার দিক থেকে কোনও উত্তর পাওয়া যায়নি। একই সঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় নারী ও শিশুকল্যাণ মন্ত্রী অন্নপূর্ণা দেবীর কাছ থেকে জবাব পেলেও তাতে বিষয়টির গুরুত্ব বোঝা যায়নি।

চিঠিতে তিনি লিখেছেন, "আমি মনে করি যে বিষয়টির গুরুত্ব এবং সমাজে এর প্রাসঙ্গিকতা উত্তরে যথাযথভাবে প্রশংসা করা হয়নি। এরপরে, তিনি অতিরিক্ত ফাস্ট-ট্র্যাক বিশেষ আদালত এবং পকসো আদালত স্থাপন, কেন্দ্রীয় সরকারের আইন অনুসারে ফাস্ট-ট্র্যাক কোর্টের প্রিসাইডিং অফিসার হিসাবে কেবলমাত্র অবসরপ্রাপ্ত বিচার বিভাগীয় কর্মকর্তাদের নিয়োগ এবং হেল্পলাইন নম্বর চালু করার মতো বিষয়ে তাঁর সরকার গৃহীত পদক্ষেপগুলি তুলে ধরেন।

ধর্ষণ বা ধর্ষণ ও খুনের মতো অপরাধ থেকে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করতে এবং এই ধরনের মামলায় বিচার প্রক্রিয়ার দ্রুত নিষ্পত্তি নিশ্চিত করতে কঠোর কেন্দ্রীয় আইন প্রণয়নের জন্য তাঁর আগের অনুরোধের পুনরাবৃত্তি করে তিনি চিঠিটি শেষ করেছেন।

এর আগে ২২ আগস্ট চিঠিতে মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রীকে অনুরোধ করেছিলেন, ধর্ষণ, ধর্ষণ ও খুনের মামলার বিচার ১৫ দিনের মধ্যে শেষ করার প্রক্রিয়া শুরু করতে।

ওই চিঠিতে সারা দেশে নিয়মিত ধর্ষণের ঘটনার কথা উল্লেখ করে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, প্রাপ্ত তথ্য অনুযায়ী, প্রতিদিন প্রায় ৯০টি ধর্ষণের ঘটনা ঘটে। অনেক ক্ষেত্রে ধর্ষণের শিকার নারীকে হত্যা করা হয়েছে। এই প্রবণতা দেখে ভয় লাগছে। এতে সমাজ ও জাতির আত্মবিশ্বাস ও বিবেক নাড়া দেয়। এটি বন্ধ করা আমাদের বাধ্যতামূলক কর্তব্য যাতে মহিলারা নিরাপদ এবং সুরক্ষিত বোধ করেন। এই ধরনের গুরুতর এবং সংবেদনশীল বিষয়টিকে কঠোর কেন্দ্রীয় আইনের মাধ্যমে ব্যাপকভাবে সমাধান করা দরকার, যেখানে এই কাপুরুষোচিত অপরাধে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির বিধান রয়েছে। তিনি বলেন, দেশে ধর্ষণ, খুনের ঘটনা বেড়েই চলেছে। যে তথ্য সামনে আসছে, তাতে দেখা যাচ্ছে সারা দেশে একদিনে প্রায় ৯০টির মতো ধর্ষণের ঘটনা ঘটে। মহিলাদের নিরাপত্তা দায়িত্ব সকলের। এই নৃশংস ঘটনার অবসান দরকার। ধর্ষণের মত ঘটনাকে কঠোর হাতে দমন করতে হবে। ফাস্ট ট্র্যাক স্পেশাল কোর্টে এই ধরনের মামলার দ্রুত নিষ্পত্তি যাতে হয় তার যথাযথ ব্যবস্থা করতে হবে। দ্রুত বিচার শেষ করা সুনিশ্চিত করতে ১৫ দিনের মধ্যে বিচার প্রক্রিয়া শেষ করা উচিত।

## আলিয়ার রেজিস্ট্রার পদে ড. পারভিন আহমেদ আলম



**আপনজন ডেস্ক:** আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন রেজিস্ট্রারের দায়িত্ব পেলেন এই বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা ও ব্যবসা প্রশাসন বিভাগের অধ্যাপক ড. পারভিন আহমেদ আলম। শুক্রবার অলিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এম ওয়াহাব কর্তৃক প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে আগামী ছয় মাসের জন্য বা রেজিস্ট্রার পদটি স্থায়ী ভিত্তিতে পূরণ না হওয়া পর্যন্ত বা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত ড. পারভিন আহমেদ আলম রেজিস্ট্রারের দায়িত্ব পালন করবেন। জানা গিয়েছে সৈয়দ নুরুস সালাম চলতি বছরের ফেব্রুয়ারি মাসে আলিয়া বিশ্ববিদ্যালয়ের স্থায়ী রেজিস্ট্রার পদ থেকে অবসর গ্রহণ করেন, এরপর এই দায়িত্ব পান আসফাক আলি। কিন্তু স্থায়ী পদে নিয়োগ না হওয়ায় নিয়ম অনুযায়ী ছ'মাসের নির্দিষ্ট সময়কাল শেষে আসফাক আলীর স্থানে নতুন দায়িত্ব পেলেন পারভীন। স্থায়ী উপাচার্যহীন আলিয়া বিশ্ববিদ্যালয় গত ফেব্রুয়ারি মাস থেকে স্থায়ী রেজিস্ট্রারহীন, যে কারণে শিক্ষা মহল থেকে প্রশ্ন উঠছে, আর কতদিন এভাবে চলবে? বিশ্ববিদ্যালয়ের শিক্ষা এবং পরিকাঠামোর মান উন্নয়নে উপাচার্য থেকে রেজিস্ট্রার স্থায়ী ভিত্তিতে কবে নিয়োগ হয় সেদিকেই তাকিয়ে রয়েছেন শিক্ষানুরাগীরা। অনেকে অবশ্য সরকারের উদাসীনতাকেই দায়ী করছেন। আলিয়া বিশ্ববিদ্যালয়ের নতুন রেজিস্ট্রার পদে দায়িত্ব পাওয়া ড. পারভিন আহমেদ আলমের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি বলেন, 'এই মুহূর্তে ন্যাক আমাদের পাখির চোখ, আগামী নভেম্বর মাসে সংশ্লিষ্ট প্রতিনিধি দলের বিশ্ববিদ্যালয় পরিদর্শনে আসার কথা রয়েছে। আমরা সবাই সেদিকে তাকিয়ে আছি। তবে বিশ্ববিদ্যালয়ের সার্বিক উন্নয়নে আমার নজর থাকবে।'


ASHSHEEFA HOSPITAL
আশ শিফা হসপিটাল
প্রান্তিক জেলায় স্বল্পমূল্যে ICCU এবং ১০০ বেডের ক্যাথল্যাবযুক্ত মাল্টিস্পেশালিটি হসপিটাল
সহরারহাট ■ ফলতা ■ দক্ষিণ ২৪ পরগনা



হার্ট ও ব্রেনের চিকিৎসা-সহ
সমস্ত রোগের সুচিকিৎসার ঠিকানা
স্পেশালিস্ট ডাক্তার দ্বারা সমস্ত রোগের আউটডোর পরিষেবা
ইনডোর পরিষেবায় সমস্ত রকম অপারেশনের সুবিধা
সমস্ত ধরনের ল্যাব টেস্ট একই ছাদের তলায়
রাজ্যের মধ্যে সবচেয়ে কম খরচে ICCU পরিষেবা
চব্বিশ ঘণ্টা MD ডাক্তারের উপস্থিতি
মাত্র ৩৫০০ টাকায় সম্পূর্ণ শরীর চেকআপ
২৪ ঘণ্টা ইউএসজি, ইকোকার্ডিওগ্রাফি, ডায়ালিসিস, ডিজিটাল এক্স-রে ও সিটি স্ক্যান করার সুবিধা
ডিরেক্টর: ডা. মো. ফারুকউদ্দিন পুরকাইত, MBBS, MD, Dip Card
✆ 91237 21642 / 89360 01515

## প্রথম নজর

### শান্তিনিকেতন মেডিকেলে রক্তদানে অস্থায়ী কর্মীরা



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** রোগীদের চিকিৎসার জন্য প্রয়োজনীয় এ (+) এবং ও(+) রক্তের সমস্যা মেটাতে এগিয়ে এলেন কলেজের অস্থায়ী কর্মীরা। রক্তের অভাবের কথা জানতে পেরেই তারা স্বেচ্ছায় এগিয়ে আসেন। শান্তিনিকেতন মেডিকেল কলেজ ব্লাড সেন্টারে এদিন দুজন রক্ত দান করেন। পর্যায়ক্রমে তারা এই ভাবেই রক্ত দান করবেন বলে জানিয়েছেন। রক্ত দান করুন। প্রাণ বাঁচাতে এগিয়ে আসুন।রক্ত দাতাদের হাতে সার্টিফিকেট তুলে দেন শান্তিনিকেতন মেডিকেল কলেজ ব্লাড সেন্টারের ডিরেক্টর প্রফেসর ডাঃ তপন কুমার ঘোষ।

### মগরায় শুট আউটে গ্রেফতার ২



**জিয়াউল হক ● হুগলি**

**আপনজন:** গত বুধবার মধ্যরাতে হুগলির মগরা নকশা মোরে ঘটে যাওয়া গুলি চালানোর ঘটনায় চাঞ্চল্য ছড়ায় গোটা হুগলী জুড়ে। দুষ্কৃতীদের এলোপাথাড়ি গুলিতে দুই যুবক গুরুতরভাবে আহত হন। আক্রান্তদের মধ্যে বিশ্বনাথ দে এবং মইদুল ইসলাম রয়েছেন। বিশ্বনাথ দে-র শরীরে চারটি গুলি লাগে-হাতে এবং পেটে-যার ফলে তাঁর অবস্থা সঙ্কটজনক হয় এবং তাঁকে কলকাতায় স্থানান্তরিত করা হয়। মইদুল ইসলামের উরুতে একটি গুলি লাগে, এবং তিনি বর্তমানে ইমামবাড়া সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এই ঘটনার পর হুগলি গ্রামীণ পুলিশ দ্রুত পদক্ষেপ গ্রহণ করে এবং একদিনের মধ্যে অভিযুক্ত দুজন দুষ্কৃতীকে গ্রেফতার করতে সক্ষম হয়। আজ হুগলি গ্রামীন পুলিশের অফিসে হুগলি গ্রামীণ পুলিশ সুপার কামনাশীষ সেন একটি সাংবাদিক বৈঠকে পুরো ঘটনা তুলে ধরেন। গ্রেফতারকৃত দুষ্কৃতীদের মধ্যে অভিজিৎ ওরফে গোপাল ঘোষ এবং তপন সিং রয়েছেন। তাঁদের আজ চুঁচুড়া আদালতে পেশ করা হয়, যেখানে আদালত তাঁদের পাঁচ দিনের পুলিশি হেফাজতে রাখার নির্দেশ দেন।

### জমিয়াতের সভা বাঁকুড়ার ময়রাপুকুরে



**আর এ মণ্ডল ● ইন্দাস**

**আপনজন:** বাঁকুড়া জেলা জমিয়তের উদ্যোগে একটা সাংগঠনিক সভা ২৯ আগস্ট অনুষ্ঠিত হলো ময়রাপুকুর মাদ্রাসা মিসবাহুল উলুম প্রাঙ্গণের এই সভায় উপস্থিত ছিলেন জেলা জমিয়তের সভাপতি মোজাহারুল ইসলাম,সম্পাদক হাফিজ আকিল আহমাদ এবং জেলা কমিটির বিশিষ্ট ব্যক্তিগণ। এছাড়াও জেলা দ্বীনি তা'লিমী বোর্ডের সভাপতি মুফতি মিরাজুল হক। আইটি সেল এবং ব্লক ও শাখা জমিয়তের কর্মকর্তারা। বেশ কিছু ইমাম ও উলামায়ে কেরামগণও উপস্থিত ছিলেন। উদ্যোক্তারা জানান যে, সংগঠনকে মজবুত করার জন্য বিভিন্ন ব্লকে এইরূপ সাংগঠনিক সভার আয়োজন করা হচ্ছে।

# কংগ্রেসের প্রতিবাদ মিছিল থেকে মমতার পদত্যাগের স্লোগান




**সজিবুল ইসলাম ● ডোমকল**

**আপনজন:** আরজি কর হাসপাতালের নারকীয় ঘটনায় প্রতিবাদে মাথায় কালো কাপড় বেঁধে ঐতিহাসিক প্রতিবাদ মিছিল জলঙ্গী ব্লক কংগ্রেসের।
আরজ কর হাসপাতালে নারকীয় ঘটনার পাশাপাশি গোটা দেশে নারী নির্যাতনের প্রতিবাদে ও সঠিক বিচারের দাবিতে প্রতিবাদ মিছিল জলঙ্গী ব্লক কংগ্রেস নেতৃত্বে।
শুক্রবার বিকেলে জলঙ্গির পদ্মা নদীর ধার থেকে জলঙ্গি থানা পর্যন্ত আরজি কর হাসপাতালের নারকীয় ঘটনায় প্রতিবাদে মাথায় কালো কাপড় বেঁধে প্রতিবাদ মিছিল করলেন ব্লক কংগ্রেসের নেতা কর্মী সমর্থকরা। এদিনের মিছিলে স্লোগান উঠে দফা এক দাবি এক আরজি করের বিচার চাই,মুখ্যমন্ত্রীর পদত্যাগ চাই এই স্লোগান মুখরিত হয়ে উঠে প্রতিবাদ মিছিল।
এদিনের মিছিলে পায়ে পা মেলান ব্লক কংগ্রেস সভাপতি আব্দুর রাজ্জাক মোল্লা,রাজ্য যুব কংগ্রেসের নেতা ইউসুফ আলী বিশ্বাস,ব্লক যুব সভাপতি তৌসিফ জামান,দলীয় জনপ্রতিনিধি গণ সহ সকল ব্লক ও অঞ্চল নেতৃত্বের পাশাপাশি কর্মী সমর্থকরা। প্রতিবাদ মিছিল শেষে ব্লক কংগ্রেস সভাপতি আব্দুর রাজ্জাক মোল্লা বলেন দাদা আর দিদির গোটাপ থাকার কারণে এত দিনে আসল দোষীদের চিহ্নিত করা হচ্ছে না ।তাই আমরা সঠিক নিরপেক্ষ বিচারের দাবিতে রাস্তায় নেমে প্রতিবাদ মিছিল করলাম,ন্যায়বিচার না পাওয়া পর্যন্ত আমরা কংগ্রেস কর্মীরা রাস্তায় থাকবো বলে জানান,পাশাপশি রাজ্যর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের পদত্যাগের দাবি তোলেন,যেখানে মহিলা মুখ্যমন্ত্রী হয়ে মহিলাদের নিরাপত্তা নেই সেখানে মুখ্যমন্ত্রীর পদত্যাগ করা প্রয়োজন।

# টিএমসিপির অবস্থান বিক্ষোভ খয়রাসোলে




**সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম**

**আপনজন:** মুখ্যমন্ত্রীর নির্দেশ মোতাবেক তৃনমূল ছাত্র পরিষদের পক্ষ থেকে কলেজের গেটের সামনে অবস্থান প্রদর্শন পালন করা হয়।আর জি করের তরুণী চিকিৎসককে নৃশংস ভাবে খুনের ঘটনায় দেশজুড়ে প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে আন্দোলনে উত্তপ্ত ।মিছিল,মিটিং,পথসভা,অবস্থান বিক্ষোভ থেকে শুরু করে রাত দখল ইত্যাদি কর্মসূচির মাধ্যমে প্রতিবাদে সোচ্চার বিভিন্ন রাজনৈতিক সহ অন্যান্য সংগঠনগুলো।অনুরূপ উক্ত ঘটনার দ্রুত বিচার,সর্বোচ্চ শাস্তি,ধর্ষন ও খুনের ঘটনা সংক্রান্ত আইন পরিবর্তন এবং বিজেপির বাংলা বিরোধী চক্রান্তের প্রতিবাদ ও ন্যায় বিচারের দাবিতে শুক্রবার ৩০শে আগষ্ট খয়রাশোল ব্লক তৃনমূল ছাত্র পরিষদ ইউনিটের তরফে লোকপুর থানার খয়রাশোল শৈলজানন্দ ফাল্গুনী স্মৃতি মহাবিদ্যালয়ের কলেজ গেটে অবস্থান বিক্ষোভ প্রদর্শন করে। বিরোধী দলগুলি যেভাবে ঘোলা জলে মাছ ধরতে মিছিল থেকে শুরু করে কর্মনাশা বাংলা বন্ধ ডেকে রাজ্যকে অশান্ত করতে চাইছে বলে তীব্র প্রতিবাদ করেন স্লোগানের মাধ্যমে। অবস্থান বিক্ষোভ কর্মসূচিতে নেতৃত্ব দেন খয়রাশোল ব্লক ছাত্র নেতা সেখ জন সহ মহাবিদ্যালয়ের অন্যান্য ছাত্রছাত্রীরা। অবস্থান বিক্ষোভ কর্মসূচিকে সমর্থন জানিয়ে তাদের পাশে দাড়ান স্থানীয় মহাবিদ্যালয়ের অধ্যাপক অধ্যাপিকাগন। অনুরূপ জেলার সিউড়ি বিদ্যাসাগর কলেজ সহ অন্যান্য কলেজেও বিষাভ হয়েছে। শনিবার ব্লকের সামনে অবস্থান কর্মসূচি রয়েছে বলে দলীয় সূত্রে জানা যায়।

# ডাক্তার খুনে শাস্তির দাবি মগরাহাট কলেজে




**আসিফা লস্কর ● মগরাহাট**

**আপনজন:** আর জি করে দোষীদের শাস্তির দাবিতে কলেজের গেটে বিক্ষোভ দেখাতে থাকে ছাত্র ছাত্রীরা। শুক্রবার দূপুরে মগরাহাট কলেজের মেন গেটের সামনে বিক্ষোভ দেখায়। তৃণমূল কংগ্রেস ও আর জি করে দোষীদের শাস্তির দাবিতে পথে নামছে। ২৮ শে আগষ্ট তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের প্রতিষ্ঠাতা দিবস উপলক্ষে তৃণমূল কংগ্রেসের সুপ্রিম মমতা বন্দ্যোপাধ্যায় ছাত্র ছাত্রীদের নির্দেশ দেয় যে শুক্রবার দূপুরে রাজ্যের সমস্ত কলেজের গেটের সামনে আর জি করে দোষীদের শাস্তির দাবিতে অবস্থা বিক্ষোভ করে। দলের সুপ্রিম মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মতো শুক্রবার দূপুরে মগরাহাট, কলেজের মেন গেটের সামনে আর জি করে দোষীদের শাস্তির দাবিতে অবস্থা বিক্ষোভে বসে।মগরাহাট কলেজ ছাত্র পরিষদ সংগঠনের পক্ষ এদিন এদিন দূপুর ১২ টা থেকে ১ টা পর্যন্ত একঘন্টা অবস্থা বিক্ষোভ দেখায় বলে দাবি করেন মগরাহাট কলেজ ছাত্র পরিষদ।

## বিধানসভায় বিজেপির প্রতি আহ্বান ফিরহাদের

# নাটক করে 'উই ওয়ান্ট জাস্টিস' না বলে বিলকে সমর্থন করুন

**নিজস্ব প্রতিবেদক ● কলকাতা**



**আপনজন:** বিজেপির কাউন্সিলর মানে দুজন। যাতে তারা আপনাদের ক্যামেরা নজর পায় তার জন্য তারা দাবি করছিলেন। জাস্টিস ফর হুম? সিবিআই তাড়াতাড়ি ফাইন্ডিং পেয়ে চার্জশিট দাখিল করুক। যদি প্রমাণ লোপাট হয় তাহলে সেটা চার্জশিটে লিখে দিক। একজন আমার মেয়ে খুন হয়েছে। রোজ কতদিন চলবে নাটক। নারী সমাজকে অবলা অবলা করবে কতদিন? নারী সমাজ শক্তির রূপ। কালী রূপ । যদি শিক্ষা দিতে হয় সেই ছেলেদেরকে শিক্ষা দিক। শুক্রবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে অধিবেশনের শেষে কলকাতা পৌরসভার মেয়র ফিরহাদ হাকিম এই মন্তব্য করেন । তিনি বলেন, কালকে সত্যি সত্যি মেয়েটা সম্মান জানাতে যদি হয়, তাহলে বিধানসভায় যে বিল আসছে,সেই বিলকে সমর্থন করুন। নাটক করে উই ওয়ান্ট জাস্টিস না করে বলুন আর উন্নাও নয়, আর হাথরস নয় আর মণিপুর নয়। আর নির্ভয়া নয়। যে বিল মমতা ব্যানার্জির আনছে সেটাকে সমর্থন করে বলুন 'ক্যাপিটাল পানিশমেন্ট'। আমাদের প্রত্যেকের মাথা হেট হয়েছে। দুর্গা রূপ কে সব সময় অসম্মান করা যায় না। উই ওয়ান্ট জাস্টিস। বিভ্রান্ত করে তদন্তকে দেরি করো না। নাহলে কলকাতা পুলিশ যে রিপোর্ট দিয়েছে সেটা টাইপ করে দিয়ে দাও। আমরা ন্যায় চাই। জাস্টিস ডিলেড মিনস জাস্টিস ডিনাইড। একটা মেয়ে ধর্ষিতা হল। সেই ধর্ষক মাথা উঁচু করে বলছে যে কি করতে পারলি। সেটা মেয়ের পরিবারের পক্ষ কতটা অপমান? তাই মুখ্যমন্ত্রী চিঠি দিয়েছেন। সবথেকে বড় যারা গুজরাটে ধর্ষক দের মালা পড়িয়েছে । একটা ইডিয়ট রাজ্য সরকার। যারা ধর্ষক দের সম্মান দেওয়া মানে মায়েদের অপমান করা হচ্ছে। ফিরহাদ হাকিম শুভেন্দু অধিকারী নিয়ে বলেন, আরজি কর নিয়ে আমরা ভুলছি না। শুভেন্দু ধর্ষণ নিয়ে রাজনীতি করে। মৃত্যু নিয়ে রাজনীতি করে। তাকে বলবো আপনাদের বিজেপি সরকারের রাজ্য যখন ধর্ষক দের মালা পড়ানো হয়েছিল তখন আপনি কি করেছিলেন? পাল্টা প্রশ্ন মেয়র ফিরহাদ হাকিমের।

# আদিবাসী নাবালিকাকে ধর্ষণ ও খুনের চেষ্টার ঘটনায় পথ অবরোধ

**অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট**



**আপনজন:** নাবালিকাকে ধর্ষণ ও খুনের চেষ্টার অভিযোগ। ঘটনায় শুক্রবার বুনিয়াদপুরে পথ অবরোধে শামিল আদিবাসী যৌথ মঞ্চ। এদিন দক্ষিণ দিনাজপুর জেলার বংশীহারী ব্লকের অন্তর্গত দৌলতপুর ও বুনিয়াদপুর এলাকায় পথ অবরোধে শামিল হয় শতাধিক আদিবাসী সমাজের পুরুষ ও মহিলারা।
ঘটনার সাথে যুক্ত অভিযুক্তের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাতে থাকেন বিক্ষোভকারীরা।
জানা গিয়েছে, এক পঞ্চম শ্রেণীতে পাঠরত আদিবাসী ছাত্রীকে ধর্ষণ করে খুনের চেষ্টার অভিযোগ ওঠে দক্ষিণ দিনাজপুর জেলার বংশীহারী ব্লকের গাংগুরিয়া গ্রাম পঞ্চায়েত এলাকার ঘটনা। অভিযোগ, বুধবার রাতে পড়াশোনা করে নিজের ঘরে ঘুমাচ্ছিলেন পঞ্চম শ্রেণীতে পাঠরত ওই নাবালিকা। মাঝরাতে হঠাৎ মেয়ের চিৎকার শুনতে পেয়ে পাশের ঘরে থাকা মেয়েটির বাবা-মা ছুটে যায় তার ঘরে। সেই সময় অভিযুক্ত যুবক নাবালিকার মাকে ধাক্কা দিয়ে ফেলে কোনোক্রমে ঘটনাস্থল থেকে চম্পট দেয়। এরপরেই কোনক্রমে তারা ঘরে প্রবেশ করে মেয়ের বাবা ও মা দেখতে পায় তাঁদের মেয়ে অচৈতন্য অবস্থায় পড়ে রয়েছে মাটিতে। তার গলায় দাগ রয়েছে। বিষয়টি জানাজানি হতেই তৎক্ষণাৎ ছুটে আসেন এলাকাবাসীরা।সকলের প্রচেষ্টায় দ্রুত তাকে গঙ্গারামপুর মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয় প্রাথমিক চিকিৎসার জন্য। বর্তমানে সেখানে ভর্তি রয়েছে ওই নাবালিকা মেয়েটি। এদিন এই ঘটনার প্রতিবাদে বুনিয়াদপুর এলাকায় পথ অবরোধ করে আদিবাসীরা। ঘটনায় আটকে পড়ে রাজ্য সরকের উপর দিয়ে চলা যান চলাচল। অন্যদিকে, ঘটনাকে কেন্দ্র করে কোন রকম অপ্রীতিকর ঘটনাস্থলে মজুদ রয়েছে প্রচুর পরিমাণে পুলিশ বাহিনী।
এ বিষয়ে পথ অবরোধে শামিল গণেশ হেমরম জানান, 'যতক্ষণ পর্যন্ত না মহকুমা পুলিশ আধিকারিক এসে দোষীর দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করার বিষয়ে আমাদের সাথে কথা বলবেন, ততক্ষণ আমাদের অবরোধ চলবে।'

### মারধরে অভিযুক্ত পঞ্চায়েত প্রধান



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**অপনজন:** পঞ্চায়েত সদস্যদের মারধরের অভিযোগ উঠল খোদ পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে। লালগোলা ব্লকের সিপিএম পরিচালিত আইড়মারি-কৃষ্ণপুর গ্রাম পঞ্চায়েতের প্রধান আওয়াল হোসেনের বিরুদ্ধে মারধরের অভিযোগ তুললো তৃণমূলের পঞ্চায়েত সদস্যরা। অভিযোগ, গত বছর ডিসেম্বর মাসে কাজের অগ্রগতির তথ্য চেয়ে পঞ্চায়েত প্রধানকে চিঠি করে তৃণমূলের পঞ্চায়েত সদস্যরা। গত বৃহস্পতিবার পঞ্চায়েত অফিসে কাজের তথ্য চাইতে গেলে তৃণমূলের সদস্যদের মারধর করে প্রধান সহ তার দলের সদস্যরা। পঞ্চায়েত থেকে পালিয়ে প্রাণে বাঁচেন তৃণমূলের বিরোধী দলনেতা হজরত আলী ও এক পঞ্চায়েত সদস্যার স্বামী রুবেল শেখ। পরবর্তীতে লালগোলা থানায় লিখিত অভিযোগ দায়ের করে তারা।যদিও পাল্টা অভিযোগ করেন পঞ্চায়েত প্রধান আওয়াল হোসেন। তিনি বলেন, 'তারা দু'জন পঞ্চায়েতে এসে চেয়ার-টেবিল ভাঙচুর শুরু করে। চেয়ার তুলে আমাকে মারতে যায়। আমার সাথে দু'জন পঞ্চায়েত সদস্য ছিল, তারা ওদের আটকেছিল মাত্র।

### নানা কলেজে বিক্ষোভ টিএমসিপির



**হাসান লস্কর ● কুলতলি**

**আপনজন:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় গত ২৮শে আগস্ট তারিখে ছাত্র পরিষদের প্রতিষ্ঠা বার্ষিকীর কর্মসূচিতে ঘোষণা করেছিলেন ৩০শে আগস্ট পশ্চিমবাংলা প্রত্যেকটি কলেজের সামনে টিএমসিপির পক্ষ থেকে ধরণা কর্মসূচি নেওয়ায় জন্যে। সেই মতামত দক্ষিণ চব্বিশ পরগনা জেলার কুলতলী রায়দিঘি দক্ষিণ বারাসাত কুলপি কাকদ্বীপ মথুরাপুর বারুইপুর সহ একাধিক কলেজে তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের কর্মীরা কলেজের সামনে শুক্রবার ধর্ণা কর্মসূচি নেয়। ছাত্র-ছাত্রীদের স্লোগান ছিল উই ওয়ান্ট জাস্টিস। সেই সঙ্গে ১৬ দিন আর জি কর হাসপাতালে কর্তব্যরত মহিলা চিকিৎসক খুনে হয়। এখনো পর্যন্ত তার এই খুনের কিনারা সিবিআই এর হাতে। এই আর জি কর হাসপাতালের যে মহিলা ডাক্তার যেভাবে নিশংসভাবে হত্যা হয়েছে সেই কেসের দেখা শোনা করছে। কিন্তু এখনো পর্যন্ত কাউকে গ্রেফতার করতে পারেনি। তাই অনেকেই বলছে সিবিআইকে দিয়ে ভরসা নেই। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছেন যত তাড়াতাড়ি সম্ভব বিধানসভাতে একটা বিল পাশ করার কথা।

### হবিবপুরে ধর্ষণে অভিযুক্ত হাতুড়ে ডাক্তার




**দেবাশীষ পাল ● মালদা**

**আপনজন:** ফের রাজ্যে উঠে এলো ধর্ষণের অভিযোগ! এবারের ঘটনাস্থল মালদার হবিবপুর থানা এলাকায়। ডাক্তারি শেখানোর নাম করে এক স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ হাতুড়ে ডাক্তারের বিরুদ্ধে।
চাঞ্চল্যকর ঘটনাটি ঘটেছে মালদা জেলার হবিবপুর থানার অন্তর্গত একটি এলাকায় , নাবালিকার পিতা জানিয়েছেন এলাকায় এক কোয়াক বা গ্রামীন চিকিৎসক তার মেয়েকে বেশ কয়েকদিন ধরে ডাক্তারি হেলপারের কাজ শিখানোর জন্য বলেন এবং ডাকেন, এই সুযোগে গত বুধবার সন্ধ্যে ৭টা নাগাদ ফোন করে তার মেয়েকে ডেকে ধর্ষণ করে বলে অভিযোগ, এরপর তার মেয়ে কাঁদতে কাঁদতে বাড়িতে গিয়ে তার বাবাকে সমস্ত ঘটনা জানালে সাথে সাথে দু একজনকে নিয়ে ওই কোয়াক ডাক্তার কে ধরে মারধর করে।
খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় হবিবপুর থানার পুলিশ কোয়াক ডাক্তার বা হাতুড়ে ডাক্তারকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। এই ঘটনায় নাবালিকার পরিবারের লোক হবিবপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেন বলে জানা গেছে।

### কান্দির খড়গ্রাম থানা এলাকায় বোমা উদ্ধার



**সাবের আলি ● খড়গ্রাম**

**আপনজন:** মুর্শিদাবাদ জেলার কান্দি মহাকুমা খড়গ্রাম থানার মহিষার গ্রাম পঞ্চায়েত এর গোয়াই হইতে পুরন্দপুর যাওয়া রাস্তায় কালভাট এর নিচে এক বালতি ভর্তি তাজা বোমা উদ্ধার করল খড়গ্রাম থানার পুলিশ। তবে কে বা কারা বোমা গুলি রেখেছে তা নিয়ে তদন্ত শুরু করেছে খড়গ্রাম থানার পুলিশ।
ইতিমধ্যে বোম্ব স্কোয়াড কে খবর দিয়ে খড়গ্রাম থানার পুলিশ বোমগুলি নিষ্ক্রিয় করার জন্য সিআইডি বোম্বা স্কোয়াড টিম বোম্বা গুলিকে ফাঁকা মাঠের মধ্যে নিষ্ক্রিয় করা হয়।

## ছড়িয়ে-ছিটিয়ে

### ব্যাগে গাঁজা পাচারের চেষ্টা, ধৃত দুই যুবক



**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**

**আপনজন:** ব্যাগে করে গাঁজা পাচারের চেষ্টা। ১৫ কেজি গাঁজা সহ দুই যুবককে গ্রেপ্তার করলো মুর্শিদাবাদের সাগরদিঘী থানার পুলিশ। বৃহস্পতিবার রাতে সাগরদিঘী থানার মহিপাল মোড় এলাকা থেকে গ্রেপ্তার করা হয় তাদের। পুলিস জানিয়েছে ধৃত যুবকদের নাম বাপ্পা মন্ডল এবং সৌরভ মন্ডল। উভয়ের বাড়ি উত্তর ১৪ পরগনার স্বরূপনগর থানা এলাকায়। শুক্রবার ধৃতদের বহরমপুরের বিশেষ আদালতে পাঠায় সাগরদিঘী থানার পুলিশ। তদন্ত করে দেখছে পুলিশ।

# 'সন্দেহের বশে' স্ত্রীকে খুনে স্বামীর যাবজ্জীবন

**সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া**



**আপনজন:** 'সন্দেহের বশে' স্ত্রীকে কুড়ুল দিয়ে কেটে খুনের অভিযোগে জপহরি বাউরী নামে এক অভিযুক্তের যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল বাঁকুড়া জেলা আদালত। শুক্রবার জেলা সেশান জাজ এই নির্দেশ দেন। এদিন এই খবর জানিয়ে সহকারী সরকারী আইনজীবি অরুণ কুমার চ্যাটার্জী বলেন, ২০০৬ সালে শালতোড়ার বরশাল গ্রামের জপহরি মাহাতো বিয়ের পর থেকেই তার স্ত্রীকে নির্যাতন করতো। তাদের দু'টি মেয়ে ও একটি ছেলেও রয়েছে। গত ২০২১ সালের ২৪ সেপ্টেম্বর কাঠ কুড়োনোর নাম করে নিজের স্ত্রীকে ডেকে নিয়ে গিয়ে স্থানীয় সাধুডাঙ্গায় কুড়ুলের কোপ মেরে তাকে খুন করে। পরে রক্তমাখা কুড়ুল নিয়ে বাড়ি ফিরে ছেলে মেয়েদের কেটে ফেলার চেষ্টা করলে গ্রামের মানুষ তাকে আটকে রাখে। পরে শালতোড়া থানার পুলিশ মৃতদেহটি উদ্ধারের পাশাপাশি কুড়ুল সহ ঘাতক জপহরি বাউকে গ্রেফতার করে। পরে দীর্ঘদিন বিচার শেষে এদিন বিচারক অভিযুক্তের যাবজ্জীবন কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমনা, অনাদায়ে ছ'মাসের কারাদণ্ড নির্দেশ দিয়েছেন বলে তিনি জানান। মৃতার দাদা কার্তিক বাউরী বলেন, আমরা ফাঁসির আশা করেছিলাম, বিচারক যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিয়েছেন। তাতেও তারা খুশী বলে জানান।

# আরজি করের ঘটনায় ছাত্র পরিষদের বিক্ষোভ

**সুরজীৎ আদক ● উলুবেড়িয়া**



**আপনজন:** মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে শুক্রবার থেকেই মাঠে নেমে পড়ল তৃণমূল ছাত্র পরিষদ। প্রসঙ্গত,২৮শে আগস্ট তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের মঞ্চ থেকে তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশ মোতাবেক শুক্রবার হাওড়া গ্রামীণ জেলার প্রতিটি কলেজের গেটের সামনে ধর্ণা ও অবস্থান বিক্ষোভ সংগঠিত হল।এদিন আমতা রামসদয় কলেজের গেটের সামনে অবস্থান বিক্ষোভে যোগ দেন উলুবেড়িয়া উত্তর কেন্দ্রের বিধায়ক ডাঃ নির্মল মাজি।এছাড়াও অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন হাওড়া জেলা পরিষদের কর্মাধ্যক্ষ বিমল দাস,হাওড়া গ্রামীণ জেলা তৃণমূল কংগ্রেসের ছাত্র পরিষদের সভাপতি হাসিবুর রহমান,আমতা রামসদয় কলেজের ছাত্র পরিষদের সভাপতি রুহুল আমীন সহ অন্যান্য নেতৃবৃন্দ।এদিন আমতার পাশাপাশি শ্যামপুর, বাগনান, উদয়নারায়ণপুর প্রতিটি কলেজের গেটের সামনে অবস্থান বিক্ষোভের পাশাপাশি প্রতিবাদ মিছিল হয়।

# প্রতিবাদ মিছিল বাম ছাত্র যুব সংগঠনের




**মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান**

**আপনজন:** আর জি কর মেডিকেল কলেজের ঘটনা নিয়ে মহিলাদের বিরুদ্ধে অপরাধের প্রতিবাদে বর্ধমানে আন্দোলনের ঝড় উঠেছে। এক মহিলা চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনা নিয়ে বিভিন্ন রাজনৈতিক দল, সামাজিক সংস্থা, এবং শিল্পীদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা গেছে। এর প্রতিবাদে ডিওয়াইএফআই, এসএফআই, এবং গণতান্ত্রিক মহিলা সমিতির পক্ষ থেকে মশাল মিছিল অনুষ্ঠিত হয়। মিছিল কার্জন গেট থেকে শুরু হয়ে মিউনিসিপাল বয়েজ স্কুল পরিক্রমা করে বর্ধমান স্টেশনে গিয়ে শেষ হয়। এই মিছিলে অংশগ্রহণ করেন ডিওয়াইএফআই সভানেত্রী মীনাক্ষী মুখার্জি সহ সংগঠনের নেতৃবৃন্দ। দোষীদের অবিলম্বে শাস্তি ও নারী সুরক্ষার বিষয়ে আগামীতে আরো আন্দোলন গড়ে তুলবেন বলে জানালেন নেতৃবৃন্দ ।

## প্রথম নজর

# ইসরায়েল-হামাস লড়াইয়ে তিন দিনের সাময়িক বিরতি



**আপনজন ডেস্ক:** গাজা উপত্যকায় চলমান সংঘাত তিনদিনের জন্য বন্ধ রাখতে সম্মত হয়েছে দখলদার ইসরায়েলি সামরিক বাহিনী (আইডিএফ) ও স্বাধীনতাকামী ফিলিস্তিনি সশস্ত্র গোষ্ঠী হামাস। বৃহস্পতিবার (২৯ আগস্ট) বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) জানিয়েছে, উপত্যকার প্রায় ৬ লাখ ৪০ হাজার শিশুকে পোলিও টিকা দেওয়ার জন্য তিনটি পৃথক অঞ্চলে এই বিরতি থাকবে।
ডব্লিউএইচও-এর জ্যেষ্ঠ কর্মকর্তা রিক পিপারকর্ন জানান, এই টিকাদান কর্মসূচি শুরু হবে রোববার থেকে। প্রথমে মধ্য গাজায় তিনদিনের বিরতি দিয়ে টিকাদান শুরু হবে। এরপর দক্ষিণ গাজা ও পরে উত্তর গাজায়ও তিনদিনের বিরতি থাকবে।
২৩ আগস্ট ডব্লিউএইচও নিশ্চিত করে যে, গাজা উপত্যকায় ২৫ বছরের মধ্যে প্রথমবারের মতো টাইপ ২ পোলিও ভাইরাসে আক্রান্ত হয়ে একটি শিশু পঙ্গুত্ববরণ করেছে।
পিপারকর্ন বলেন, প্রয়োজনে প্রতিটি অঞ্চলে মানবিক বিরতি একদিন বাড়ানো যেতে পারে বলে চুক্তিতে উল্লেখ রয়েছে।
বুধবার ইসরায়েলি সামরিক বাহিনীর মানবিক ইউনিট জানিয়েছে, এই টিকাদান কর্মসূচি ইসরায়েলি সামরিক বাহিনীর সঙ্গে সমন্বয় করে পরিচালিত হবে। এতে জনসাধারণকে টিকাদান কেন্দ্রগুলোতে পৌঁছাতে মানবিক বিরতি দেওয়া হবে।
ফিলিস্তিনের স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে, গত ৭ অক্টোবর থেকে গাজায় ইসরায়েলি অভিযানে এ পর্যন্ত নিহত হয়েছেন ৪০ হাজারের বেশি ফিলিস্তিনি। আহত কমপক্ষে ৯৩ হাজার ৫৩৪ জন।

# সৌদি প্রশাসনের শীর্ষপদে ব্যাপক রদবদল হল



**আপনজন ডেস্ক:** সৌদি আরবের প্রতিরক্ষা মন্ত্রী যুবরাজ খালিদ বিন সালমানের সুপারিশের ভিত্তিতে প্রশাসনে ব্যাপক রদবদল আনা হয়েছে। বৃহস্পতিবার প্রশাসনে বদবদলের বিভিন্ন রাজকীয় ডিক্রি জারি করা হয়েছে।
আরব নিউজের এক প্রতিবেদনে বলা হয়, যৌথ বাহিনীর কমান্ডার লেফটেন্যান্ট জেনারেল মুতলাক বিন সালেম বিন মুতলাক আল-আজিমা সামরিক চাকরি থেকে অবসর নেবেন। তাকে রয়্যাল কোর্টে উপদেষ্টা হিসেবে নিযুক্ত করা হয়েছে।
নৌবাহিনীর চিফ অব স্টাফ লেফটেন্যান্ট জেনারেল ফাহাদ বিন আবদুল্লাহ বিন সালেহ আল-গুফাইলিকে তার পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে এবং লেফটেন্যান্ট জেনারেলের পদমর্যাদায় ডেপুটি চিফ অব দ্য জেনারেল স্টাফ হিসেবে নিযুক্ত করা হয়েছে।
এদিকে মেজর জেনারেল ফাহাদ বিন হামাদ বিন আবদুল আজিজ আল-সালমান লেফটেন্যান্ট জেনারেল পদে উন্নীত হবেন এবং যৌথ বাহিনীর কমান্ডার হিসেবে নিযুক্ত হবেন। মেজর জেনারেল ফাহাদ বিন সৌদ বিন ধুওয়াইহি'র আল-জুহনি লেফটেন্যান্ট জেনারেল পদে উন্নীত হবেন এবং স্থলবাহিনীর প্রধান স্টাফ হিসেবে নিযুক্ত হবেন।
মেজর জেনারেল মোহাম্মদ বিন আব্দুল রহমান বিন হামেদ আল-গারিবিকে লেফটেন্যান্ট জেনারেল পদে উন্নীত করা হবে এবং নৌবাহিনীর প্রধান স্টাফ হিসেবে নিযুক্ত করা হবে।
এছাড়া ক্যাবিনেটের জেনারেল সেক্রেটারিয়েটের উপদেষ্টা সামির বিন আবদুল আজিজ বিন মোহাম্মদ আল-তাবিবকে তার পদ থেকে অব্যাহতি দেওয়া হয়েছে এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে নিযুক্ত করা হয়েছে।

# মসজিদের মধ্যে ঢুকে পাঁচ ফিলিস্তিনিকে নির্মম হত্যা



**আপনজন ডেস্ক:** দখলকৃত পশ্চিম তীরের একটি মসজিদে ঢুকে পাঁচ ফিলিস্তিনিকে হত্যা করেছে হানাদার ইসরায়েলি সেনারা। বৃহস্পতিবার (২৯ আগস্ট) পশ্চিম তীরের তুলকারেমে এই বর্বরতা চালায় ইহুদিবাদী সেনারা। গত দুই দিনে পশ্চিম তীরে এ নিয়ে ১৮ জনকে হত্যা করেছে ইসরায়েলি বাহিনী।
ইসরায়েলি সামরিক বাহিনীর ভাষ্য, যে পাঁচজনকে হত্যা করা হয়েছে তারা সবাই ফিলিস্তিনি প্রতিরোধ যোদ্ধা। তারা ওই মসজিদে লুকিয়ে ছিল এবং সেখানেই তাদের হত্যা করা হয়। নিহতদের মধ্যে মোহাম্মদ জাবের নামে একজন স্থানীয় ইসলামিক জিহাদ কমান্ডারও রয়েছেন।
বৃহস্পতিবার ইসরায়েলি অভিযানের দ্বিতীয় দিনে পশ্চিম তীরের বেশ কয়েকটি বড় শহরে হেলিকপ্টার, ড্রোন এবং সাজোয়া যান মোতায়েন করা হয়। সেখানে ইসরায়েলি সেনাদের তিনটি ব্রিগেড অবস্থান করছে। এদিকে, হামাস পশ্চিম তীরে ফিলিস্তিনিদের জেগে ওঠার জন্য আবারও আহ্বান জানিয়েছে। তারা ইসরায়েলের এই অভিযানকে গাজায় যুদ্ধ সম্প্রসারণের একটি বৃহত্তর পরিকল্পনার অংশ বলে অভিহিত করেছে।
হামাস পশ্চিমা সমর্থিত ফিলিস্তিনি কর্তৃপক্ষের অনুগত নিরাপত্তা বাহিনীর প্রতি আহ্বান জানিয়ে বলেছে, 'আমাদের জনগণের পবিত্র যুদ্ধে যোগদান করুন।'

# পবিত্র কুরআন পোড়ানোর ঘটনার বিচার শুরু করছে সুইডেন সরকার



**আপনজন ডেস্ক:** মুসলিমদের পবিত্র ধর্মগ্রন্থ আল-কুরআন পোড়ানোর ঘটনায় ইউরোপের দেশ সুইডেনে দুই ব্যক্তিকে বিচারের মুখোমুখি করা হচ্ছে। গত বছরের এমন একাধিক ঘটনায় সুইডেনের প্রতি মুসলিমদের ক্ষোভ বাড়ে এবং জিহাদি হামলার হুমকি তৈরি হয়।
২০২৩ সালে কুরআন পোড়ানোর ঘটনায় দুই ব্যক্তিকে জাতিগত ঘৃণা উসকানির দায়ে অভিযুক্ত করেছেন সুইডেনের কৌঁসুলিরা।
বুধবার (২৮ আগস্ট) সুইডিশ প্রসিকিউশন অথরিটি এক বিবৃতিতে বলেছে, ওই দুই ব্যক্তি 'একটি জাতি বা জাতীয় গোষ্ঠীকে ক্ষুব্ধ করে তোলার অপরাধ' করেছেন।
স্টকহোমে মসজিদের বাইরে এবং অন্য স্থানে চারটি আলাদা ঘটনায় জনসমক্ষে ইসলামের পবিত্র ধর্মগ্রন্থ কুরআন পুড়িয়েছেন তারা।
এসব ঘটনার পরিপ্রেক্ষিতে সুইডেনের অভ্যন্তরীণ নিরাপত্তা সংস্থাগুলো সন্ত্রাসী হামলার সতর্কতার মাত্রা বাড়ায়। প্রতিবেশী ডেনমার্কেও কুরআন পোড়ানোর প্রবণতা শুরু হয়, যা বন্ধে আইনে কাড়াকড়ি আরোপ করে সরকার।
সুইডেনের জ্যেষ্ঠ কৌঁসুলি আনা হানকিও বিবৃতিতে বলেছেন, দুই ব্যক্তিকেই মুসলিমদের বিশ্বাসের অবমাননার উদ্দেশ্যে করা ওই চারটি ঘটনার জন্য অভিযুক্ত করা হয়েছে।
ঘটনার ধারণকৃত ভিডিওতে দুই ব্যক্তির বিরুদ্ধে অভিযোগের মূল প্রমাণ রয়েছে বলে উল্লেখ করেছেন তিনি। তবে অভিযুক্তের একজন তার আইনজীবী মার্ক সাফারিয়ানের মাধ্যমে বার্তা সংস্থা রয়টার্সকে জানিয়েছেন, তিনি কোনো অন্যায় করেননি।
সাফারিয়ান জানান, তার মক্কেলের বিক্ষোভ প্রদর্শনের অধিকার সুইডেনের সংবিধানের মাধ্যমে সংরক্ষিত। তবে অন্য অভিযুক্তের আইনজীবী তাৎক্ষণিকভাবে কোনো প্রতিক্রিয়া জানাননি।
ওই অভিযুক্ত ইরাকের একজন শরণার্থী। তিনি জানিয়েছিলেন, ইসলামের প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতিবাদ ও কুরআন যাতে নিষিদ্ধ করা হয় সেই দাবি তুলতে চেয়েছেন তিনি। সুইডেনের অভিবাসন সংস্থা জানিয়েছে, আবেদনে মিথ্যা তথ্য দেওয়ায় তারা এই শরণার্থীকে ডিপোর্ট বা ফেরত পাঠানোর সিদ্ধান্ত নিয়েছিল। কিন্তু নিজ দেশে তার ওপর নির্যাতনের ঝুঁকি থাকায় তা বাস্তবায়ন করা সম্ভব হবে না।
২০২৩ সালে কুরআন পোড়ানোর ঘটনায় মুসলিমপ্রধান দেশগুলোতে সুইডেনের বিরুদ্ধে ক্ষোভ তৈরি হয়।
জুলাইতে বাগদাদে সুইডিশ দূতাবাসের কমপাউন্ডে আগুন জ্বালিয়ে দেয় বিক্ষোভকারীরা। সে বছরের আগস্টে সুইডেনের গোয়েন্দা সংস্থা স্যাপো দেশটিতে হুমকির মাত্রা চারে উন্নীত করে, যার সর্বোচ্চ মাত্রা পাঁচ।
চলতি মাসের শুরুতে কৌঁসুলিরা সুইডিশ-ড্যানিশ বংশদ্ভূত আরেক ব্যক্তিকে ২০২২ সালে মালমো শহরে একই ধরনের অপরাধ সংঘটনের দায়ে অভিযুক্ত করেছেন। ২০২০ সালে কুরআন পোড়ানোর আরেক ঘটনায় জাতিগত ঘৃণা উসকে দেওয়ার জন্য গত বছরের অক্টোবরে এক ব্যক্তিকে দোষী সাব্যস্ত করেন সুইডিশ আদালত। মুসলিমদের ধর্মগ্রন্থ পোড়ানোর জন্য কারো বিরুদ্ধে দেওয়া এটিই দেশটির আদালতের প্রথম কোনো রায়।
সমালোচকদের কারো কারো মতে, বিশ্বের অন্যতম উদার দেশ সুইডেন ও ডেনমার্কে কুরআন পোড়ানোকে মত প্রকাশের স্বাধীনতা হিসেবেই দেখা উচিত।

# ইসরায়েলে অস্ত্র সরবরাহ বন্ধ করবেন না কমলা হ্যারিস



**আপনজন ডেস্ক:** ইসরায়েলকে অস্ত্র সরবরাহ বন্ধ করা হবে না বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের আসন্ন নির্বাচনে প্রেসিডেন্ট প্রার্থী কমলা হ্যারিস।
বৃহস্পতিবার জর্জিয়া অঙ্গরাজ্যের সাভানাহ শহরে মার্কিন সংবাদমাধ্যম সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারে এ কথা জানান তিনি।
মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে ডেমোক্রেটিক দলের মনোনয়ন সংগ্রহের পর এই সাক্ষাৎকার দেন কমলা।
যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট জো বাইডেনের প্রতি জোরালো সমর্থন প্রকাশ করে কমলা হ্যারিস বলেন, ইসরায়েলের প্রতিরক্ষা ও নিজেদের আত্মরক্ষার সক্ষমতার প্রতি আমি প্রতিশ্রুতিবদ্ধ। আমার এই অবস্থান পাল্টাবে না। আমাদের অবশ্যই জিম্মিদের মুক্তি দেওয়ার বিষয়ে চুক্তি করতে হবে।
সীমান্তে অভিবাসন ইস্যুতে যুক্তরাষ্ট্রের বর্তমান ভাইস প্রেসিডেন্ট নতুন আইন প্রণয়নের কথা জানিয়ে বলেন, সীমান্তে অভিবাসীদের ঠেকাতে আমি নতুন একটি আইন প্রণয়ন করবো। অবৈধভাবে যারা সীমান্ত পার করবে তাদের বিরুদ্ধে সেই আইন প্রয়োগ করা হবে।
সিএনএনকে দেওয়া সাক্ষাৎকারে রানিং মেট বা ভাইস প্রেসিডেন্ট প্রার্থী টিম ওয়ালজ সঙ্গে থাকায় এবং আগেই রেকর্ড হওয়ার কারণে কমলা হ্যারিসের প্রতিদ্বন্দ্বী রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প এই সাক্ষাৎকার প্রত্যাখ্যান করেছেন।

# জার্মানি থেকে নির্বাসিত কমপক্ষে ২৮ আফগান



**আপনজন ডেস্ক:** অপরাধমূলক কাজের সঙ্গে সংশ্লিষ্টতার দায়ে ২৮ আফগান নাগরিককে তাদের নিজ দেশে ফেরত পাঠিয়েছে জার্মানি। ২০২১ সালে তালেবান আফগানিস্তানের ক্ষমতা দখলে নেওয়ার পর এ ধরনের পদক্ষেপ প্রথমবার নিল জার্মানি। কাতার সরকারের মধ্যস্থতায় কয়েক মাসের গোপন আলোচনার পর জার্মান সরকার এই সিদ্ধান্ত নিয়েছে।
জার্মান সরকারের মুখপাত্র স্টেফান হেবেস্ট্রেইট শুক্রবার জানান, যাদের জার্মানি ছাড়তে হয়েছে তারা আফগান নাগরিক।
তারা সবাই দোষী সাব্যস্ত অপরাধী। জার্মানিতে থাকার কোনো অধিকার তাদের ছিল না এবং তাদের নির্বাসিত করার আদেশ জারি হয়েছিল। কাতার এয়ারওয়েজের বিমানে করে এদিন সকালে তাদের কাবুলের উদ্দেশে নিয়ে যাওয়া হয়েছে।
জার্মানির স্থানীয় গণমাধ্যমগুলো জানিয়েছে, নির্বাসিতদের সবাই পুরুষ।
জার্মানির স্বরাষ্ট্রমন্ত্রী ন্যান্সি ফেজার বলেন, 'আমাদের নিরাপত্তা ও আইন মেনে তাদের বের করে দেওয়া হয়েছে।' এ কাজে সহযোগিতার জন্য ফেডারেল পুলিশ ও সরকারি কর্মকর্তাদের ধন্যবাদ দিয়েছেন তিনি।
এক সপ্তাহ আগে জার্মানির একটি শহরে ছুরিকাঘাতের ঘটনায় এক আফগানের জড়িত থাকার অভিযোগ এবং এর আগে জুনে আরেক আফগানের ছুরিকাঘাতে পুলিশ সদস্য নিহতের জেরে চরম সমালোচনা হয়। এরপর আফগান নাগরিকদের ফেরত পাঠানোর ঘটনা ঘটল।
কাতারের নাম উল্লেখ না করে জার্মান সরকার এক বিবৃতিতে তাদের মূল আঞ্চলিক অংশীদারদের সমর্থনের জন্য তাদের ধন্যবাদ জানিয়েছে। দেশটির সরকার বলেছে, এ ধরনের আরো আফগানকে ফেরত পাঠানো নিয়ে কাজ চলছে।
এর আগে ছুরি হামলার পরই জার্মানি বলেছিল, জাতীয় নিরাপত্তায় হুমকি সৃষ্টি করতে পারে, এমন আফগানদের ফেরত পাঠানো হবে।

## ছড়িয়ে-ছিটিয়ে

# আমেরিকার সঙ্গে সুসম্পর্ক বজায় রাখা নিয়ে চিন মত জানাল



**আপনজন ডেস্ক:** যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জেক সুলিভান ২৯ আগস্ট বেইজিংয়ের গ্রেট হল অব দ্য পিপলে বৈঠকের সময় চীনের প্রেসিডেন্ট শি চিনপিংয়ের সঙ্গে করমর্দন করছেন। চীনের প্রেসিডেন্ট শি চিনপিংয়ের সঙ্গে সাক্ষাৎ হয়েছে হোয়াইট হাউসের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা জ্যাক সুলিভানের।
বৃহস্পতিবার (২৯ আগস্ট) সাক্ষাতের পর সুলিভানকে প্রেসিডেন্ট শি বলেছেন, অনেক কিছু বদলে যাওয়া সত্ত্বেও এখনো যুক্তরাষ্ট্রের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ চীন।
সুলিভানের তিন দিনের এই সফরের লক্ষ্য ছিল যুক্তরাষ্ট্র ও চীনের মধ্যে বিভিন্ন বিষয়ে যোগাযোগ জোরদার করা। সফরে এসে পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই এবং অন্য উচ্চপদস্থ কর্মকর্তাদের সঙ্গে সাক্ষাৎ করেছেন সুলিভান।
২০১৬ সালের পর এই প্রথম যুক্তরাষ্ট্রের কোনো নিরাপত্তা উপদেষ্টা চীন সফরে গেলেন।
চীনের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভি জানিয়েছে, শি চিনপিং যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা উপদেষ্টা সুলিভানকে বলেছেন, 'বড় ধরনের পরিবর্তন সত্ত্বেও চীন ও যুক্তরাষ্ট্র এখনো সুসম্পর্ক উপভোগ করতে পারে। শি চিনপিং বলেছেন, চীন-যুক্তরাষ্ট্রের সম্পর্কের স্থিতিশীলতা, সুস্থ ও টেকসই উন্নয়নের লক্ষ্যে চীনের প্রতিশ্রুতির পরিবর্তন হয়নি। আমাদের প্রত্যাশা, যুক্তরাষ্ট্র এ ক্ষেত্রে সমান ইতিবাচক মানসিকতা নিয়ে এগিয়ে আসবে।'
এদিন সকালে চীনের শীর্ষ সামরিক কর্মকর্তা জেনারেল ঝাং ইউক্সিয়ার সঙ্গে বেইজিংয়ে সেন্ট্রাল মিলিটারি কমিশনের প্রধান কার্যালয়ে সাক্ষাৎ করেন সুলিভান। সেখানে তারা তাইওয়ানসহ সাম্প্রতিক বিভিন্ন ইস্যুতে কথা বলেন।
দক্ষিণ চীন সাগরে নৌযান চলাচলের স্বাধীনতার ওপর গুরুত্বারোপ করেছেন সুলিভান। সাম্প্রতিক মাসগুলোতে সেখানে চীন ও ফিলিপাইন দ্বন্দ্বে জড়িয়েছে।
তাইওয়ান প্রণালিতে স্থিতিশীলতা কামনা করেছেন তিনি। অন্যদিকে ঝাং বলেছেন, যুক্তরাষ্ট্রকে তাইওয়ানের সঙ্গে সামরিক সহযোগিতা বন্ধ করতে হবে।

### সেহেরী ও ইফতারের সময়

**সেহেরী শেষ:** ভোর ৩.৫৬মি.
**ইফতার:** সন্ধ্যা ৬.০০ মি.



### নামাজের সময় সূচি

| ওয়াক্ত | শুরু | শেষ |
|---|---|---|
| ফজর | ৩.৫৬ | ৫.১৯ |
| যোহর | ১১.৪৩ | |
| আসর | ৪.০৭ | |
| মাগরিব | ৬.০০ | |
| এশা | ৭.১২ | |
| তাহাজ্জুদ | ১১.০০ | |

# ব্রাজিলে বন্ধ হতে পারে 'এক্স'



**আপনজন ডেস্ক:** ব্রাজিল জুড়ে ইলন মাস্কের জনপ্রিয় সোশ্যাল মিডিয়া সাইট এক্স নিষিদ্ধ হতে পারে। সুপ্রিম কোর্টের নির্দেশ ছিল নির্দিষ্ট সময়ের মধ্যে আইনি প্রতিনিধির নাম জানাতে হবে এক্স-কে। সেই নির্দেশ মানা হয়নি। এর জেরেই নিষিদ্ধ হতে পারে জনপ্রিয় সোশ্যাল মিডিয়া সাইটটি।
ব্রাজিলের আইন অনুসারে, সব ইন্টারনেট কম্পানিকে তাদের দেশে একজন প্রতিনিধি রাখতে হবে, যিনি আইনগত বিষয় দেখবেন। সেই প্রতিনিধিকে আইনগত বিষয়গুলো জানানো হবে, যাতে তিনি উপযুক্ত ব্যবস্থা নিতে পারেন।

# মালিতে বাস-ট্রাকের মুখোমুখি সংঘর্ষ, নিহত ১৪



**আপনজন ডেস্ক:** মালিতে বাস ও ট্রাকের মুখোমুখি সংঘর্ষে ১৪ জন নিহত হয়েছে। আহত হয়েছে আরো ২৯ জন। বৃহস্পতিবার সকাল ৬টার দিকে দেশটির রাজধানী বামাকোর পূর্বে ফানা শহরের কাছে এ দুর্ঘটনা ঘটে বলে এএফপির প্রতিবেদনে বলা হয়েছে।
প্রতিবেদনে বলা হয়েছে, বাসটি ফানা থেকে বামাকোরে যাওয়ার সময় বিপরীত দিকে থেকে আসা একটি ট্রাকের মুখোমুখি সংঘর্ষে এ দুর্ঘটনা ঘটে।
দেশটির পরিবহন মন্ত্রণালয় জানিয়েছে, রাজধানী বামাকোর পূর্বে ফানা শহরের কাছে প্রধান একটি সড়কে বৃহস্পতিবার ভোর ৬টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এ ব্যাপারে বিস্তারিত আর কিছু উল্লেখ করেনি মন্ত্রণালয়। এ ব্যাপারে তদন্ত চলছে বলে জানানো হয়েছে।
পশ্চিম আফ্রিকার দেশটিতে সড়ক দুর্ঘটনা সাধারণ ঘটনা হয়ে দাঁড়িয়েছে।
দুর্বল যোগাযোগব্যবস্থা এবং আইন না মেনে গাড়ি চালানোই এর প্রধান কারণ হিসেবে মনে করা হয়। গত জুলাইয়ে মালির মধ্যাঞ্চলে দুটি বাসের সংঘর্ষে ১৬ জন নিহত হয়।

# লোহিত সাগরে জ্বলছে গ্রিসের জাহাজ, ভিডিও প্রকাশ করল হুতি



**আপনজন ডেস্ক:** লোহিত সাগরে গত এক সপ্তাহ ধরে পুড়তে থাকা গ্রিসের পতাকাবাহী জাহাজ সোনিয়নের ভিডিও ফুটেজ প্রকাশ করেছে ইয়েমেনের সশস্ত্র সংগঠন হুতি। বৃহস্পতিবার রয়টার্সের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। ভিডিও ফুটেজ দেখা যায়, দাউ দাউ করে জ্বলছে জাহাজটির বিভিন্ন অংশ।
এদিকে হুতি জানিয়েছে, জাহাজটি সরিয়ে নেয়ার অনুমতি দিতে রাজি তারা। তেলবাহী এই জাহাজ থেকে লোহিত সাগরে তেল ছড়িয়ে পড়ার শঙ্কা প্রকাশ করেছে পশ্চিমারা।
গত ২৮ আগস্ট জাহাজটি থেকে তেল বের হচ্ছে বলে দাবি করেছে যুক্তরাষ্ট্র। অপরদিকে ইউরোপীয় ইউনিয়ন বলছে, তেল বের হওয়ার কোনো প্রমাণ তারা পায়নি। তবে প্রধান ডকের বিভিন্ন জায়গায় আগুন জ্বলছে।
গত ২৩ আগস্ট থেকে হুতির হামলায় জ্বলছে জাহাজটি।



আপনজন
ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর
১৯ বর্ষ, ২৩৬ সংখ্যা, ১৫ ভাদ্র ১৪৩১, ২৫ সফর, ১৪৪৬ হিজরি

# অসহায় পৃথিবী

২০২৪ সাল শুরু হইয়াছিল যুদ্ধের মধ্য দিয়া। বিশেষজ্ঞরা বারবার সতর্ক করিয়া বলিয়াছিলেন যে, ভালো যাইবে না সামনের দিনগুলি। যেই বৎসরের শুরু ও শেষ হয় যুদ্ধের মধ্য দিয়া, সংগত কারণেই সেই বৎসর লইয়া অধিক প্রত্যাশা থাকে না। বর্তমানে আমরা ইহাই প্রত্যক্ষ করিতেছি। ইউরোপের মাটিতে যুদ্ধ চলিতেছে, সংঘাতের দামামায় কাঁপিতেছে পুণ্যভূমি মধ্যপ্রাচ্য। ২০২২ সালে বিশ্ব জুড়িয়া মহাসংকট বহিয়া আনা রাশিয়া-ইউক্রেন যুদ্ধ এখনো চলিতেছে। ইউক্রেন যুদ্ধে এখন পর্যন্ত উভয় পক্ষের বহু হতাহত ও ক্ষয়ক্ষতির ফলে মানবিক সংকট সৃষ্টি হইয়াছে। বিশ্বমানবতার এই সংকটকে আরো ভয়াবহ করিয়া তুলিয়াছে চলমান গাজা যুদ্ধ। হামাস ও ইসরাইলের মধ্যে চলমান এই যুদ্ধে এখন পর্যন্ত ৪০ হাজারের বেশি মানুষ নিহত হইয়াছে, আহত লক্ষাধিক। দুঃখজনকভাবে নিহত ও আহতদের অধিকাংশই শিশু ও নারী। ইহা বিশ্বের ইতিহাসে যেন এক 'মহা ট্র্যাজেডি'।

বৈশ্বিক অস্থিরতার অভিঘাতে স্বভাবতই ক্ষতবিক্ষত হইতেছে বিশ্ব অর্থনীতি। চলতি বৎসরের শুরুর দিকে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরাম প্রকাশিত 'চিফ ইকোনমিস্ট আউটলুক'-এর প্রতিবেদনে বলা হয়, ২০২৪ সালে বিশ্ব অর্থনীতি আরো দুর্বল হইয়া পড়িবে এবং তা বিশ্বের অর্থনৈতিক বিভাজনকে প্রকটতর করিয়া তুলিবে। ইহাই যেন বর্তমান বিশ্বের চিত্র। বিশ্ব অর্থনীতিতে এখন চরম 'আকাল' চলিতেছে, সৃষ্টি হইয়াছে চরম অনিশ্চিয়তা। ইহার সহিত কঠোর আর্থিক অবস্থা, ভূরাজনৈতিক ফাটল এবং জেনারেটিভ কৃত্রিম বুদ্ধিমত্তার দ্রুত বিকাশের ন্যায় নানাবিধ চ্যালেঞ্জের সম্মুখীন বিশ্ব অর্থনীতি। ইহার ফলে উন্নত বিশ্বের অবস্থাই যেইখানে সঙ্গিন হইয়া উঠিতেছে, সেইখানে উন্নয়নশীল ও দরিদ্র দেশগুলি কী অবর্ণনীয় দুর্দশা-দুর্ভোগে পড়িয়াছে, তাহা সহজেই অনুমেয়।

বিশ্বের নানা প্রান্তে যুদ্ধ ও যুদ্ধাবস্থা বিরাজ করিলেও রাশিয়া-ইউক্রেন ও ইসরাইল-ফিলিস্তিন যুদ্ধই বিশ্ব পরাশক্তিগুলির ক্ষমতা ও আধিপত্যের প্রধান সমীকরণ হইয়া উঠিয়াছে। বিশ্লেষকদের দাবি, ভবিষ্যতে বৈশ্বিক গণতন্ত্র ব্যাপক চাপের মধ্যে থাকিবে, কর্তৃত্ববাদী ঝোঁক-প্রবণতা বৃদ্ধি পাইবে। আঞ্চলিক ও আন্তর্জাতিক রাজনীতি ও অর্থনৈতিক ধারা-প্রকৃতিতে সেই পরিবর্তনের ইঙ্গিতও পাওয়া যাইতেছে। এই অবস্থায় সামনের দিনগুলিতে আর কী কী দেখিতে হইতে পারে, তাহা যেন সকলকে তাড়াইয়া ফিরিতেছে! মূলত দুই দুইটি বৃহৎ সংঘাতকে সঙ্গে লইয়া বিশ্ব নূতন বৎসরে যাত্রা শুরু করিলেও আশা ছিল, নূতন করিয়া ঘুরিয়া দাঁড়ানো যাইবে; কিন্তু সেই আশা ক্রমশ ধোঁয়াশা হইয়া উঠিতেছে। কোনো কার্যকর আলাপ-আলোচনা নহে, শান্তি-প্রক্রিয়া নহে, কেবল তীব্র অস্ত্র প্রতিযোগিতাই বর্তমানে অধিক দৃশ্যমান। বেসামরিক মানুষ এইখানে বড্ড অসহায়! উদ্বেগ-উৎকণ্ঠা আর শঙ্কাই তাহাদের নিত্যদিনের সঙ্গী। প্রতিদিন মৃত্যুর পাহাড় গড়িয়া উঠিতেছে। অথচ সমগ্র বিশ্বের অধিকাংশ মানুষই সর্বদা শান্তিকামী; কিন্তু অস্ত্রের খেলা আর দখলদারিত্বের মুখে এই সকল শান্তিপ্রিয় মানুষ পদতলে পিষ্ট হইতেছে, যাহা এক কঠিন পরিতাপের বিষয়।

মধ্যযুগের কবি জ্ঞানদাস বড্ড আক্ষেপ করিয়া বলিয়াছিলেন, 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু/ অনলে পুড়িয়া গেল।' আজিকার দিনে আমরা কবির ভাষায় বলিতে পারি, 'ইটের পরে ইট, মাঝে মানুষ কীট'। আমরা সুউচ্চ অট্টালিকা গড়িয়া তুলিয়াছি; কিন্তু সেইখানে কি সুখের ঘুম ঘুমাইতে পারিতেছি? আমরা সভ্য হইয়াছি দুর্বার গতিতে, উন্নতি-সমৃদ্ধির পাল্লাও হালকা নহে, তথাপি প্রকৃত সুখ কি ভোগ করিতে পারিতেছি? বস্তুত, ইহার জন্য দায়ী দেশে দেশে চলমান হানাহানি, সংঘাত-সংঘর্ষ ও যুদ্ধবিগ্রহ। মনে রাখিতে হইবে, আমরা এমন এক যুগে বাস করিতেছি, যেইখানে সকল ক্ষেত্রে সমাধানের মোক্ষম তথা কার্যকর উপায় হইল 'কূটনীতি'। সীমান্তে গোলাগুলি বা বেসামরিক মানুষের ঘরবাড়িতে বোমা নিক্ষেপ করিয়া নহে, সমস্যার সমাধানে পক্ষগুলিকে বসিতে হইবে আলোচনার টেবিলে। জুতসই আলাপ-আলোচনা ও সমঝোতার মাধ্যমে সকল ধরনের সংঘাত, হানাহানির রাস্তা হইতে পক্ষগুলি দ্রুত ফিরিয়া আসিবে বলিয়া সকলের প্রত্যাশা।

# যুদ্ধের আড়ালে ফিলিস্তিনিদের ভূমি যেভাবে দখল করছে ইসরাইল




ইউনেসকোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থানগুলির মধ্যে একটা হলো ফিলিস্তিনের বাত্তির। সেখানকার জলপাই বাগান এবং আঙুরক্ষেতের জন্য পরিচিত এই গ্রাম। এখানে প্রাকৃতিক ঝর্ণার জল ব্যবহার করা হয় সেচের কাজে। কয়েক শতাব্দী ধরে এইভাবেই জীবন বয়ে চলেছে সেখানে। প্রকৃতির কোলঘেঁষা এই গ্রামই অধিকৃত 'ওয়েস্ট ব্যাঙ্ক' বা পশ্চিম তীরে ইহুদি বসতি স্থাপনের সর্বশেষ 'ফ্ল্যাশপয়েন্টে' পরিণত হয়েছে। লিখেছেন **ইওলান্ডে নেল।**

ইউনেস্কোর বিশ্ব ঐতিহ্যবাহী স্থানগুলোর মধ্যে একটা হলো ফিলিস্তিনের বাত্তির। সেখানকার জলপাই বাগান এবং আঙুরক্ষেতের জন্য পরিচিত এই গ্রাম। সেখানে প্রাকৃতিক ঝর্ণার পানি ব্যবহার করা হয় সেচের কাজে। কয়েক শতাব্দী ধরে এইভাবেই জীবন বয়ে চলেছে সেখানে। প্রকৃতির কোলঘেঁষা সেই গ্রামই অধিকৃত 'ওয়েস্ট ব্যাঙ্ক' বা পশ্চিম তীরে ইহুদি বসতি স্থাপনের সর্বশেষ 'ফ্ল্যাশপয়েন্টে' পরিণত হয়েছে। ইসরাইল সেখানে একটা নতুন ইহুদি বসতি স্থাপন বা 'সেটলমেন্ট'-এর অনুমোদন দিয়েছে। এই নতুন বসতির জন্য কেড়ে নেয়া হয়েছে বহু মানুষের ব্যক্তিগত মালিকানাধীন জমি। শুধু তাই নয়, অনুমোদন ছাড়াই নতুন ইসরাইলি ফাঁড়িও স্থাপন করা হয়েছে। যাদের ব্যক্তিগত মালিকানাধীন জমি এই নতুন বসতি স্থাপনের জন্য কেড়ে নেয়া হয়েছে তাদের তালিকায় রয়েছে ঘাসান ওলিয়ান। তিনি বলেন, 'নিজেদের স্বপ্ন গড়তে আমাদের জমি চুরি করছে ওরা।'

ইউনেস্কো জানিয়েছে, বাত্তিরকে ঘিরে বসতি স্থাপনকারীদের পরিকল্পনা নিয়ে তারা উদ্বিগ্ন। তবে ওই গ্রাম কিন্তু একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। আন্তর্জাতিক আইন অনুযায়ী এ জাতীয় 'সেটলমেন্ট'কে অবৈধ হিসেবে দেখা হয়। যদিও এই বিষয়ে ইসরাইল সহমত পোষণ করে না। ওলিয়ান বলেন, 'ওরা আন্তর্জাতিক আইন, স্থানীয় আইন, এমন কী আল্লাহর আইনকেও তোয়াক্কা করে না।' গত সপ্তাহে ইসরাইলের অভ্যন্তরীণ গোয়েন্দা প্রধান রোনেন বার মন্ত্রীদের উদ্দেশ্যে একটা চিঠি লিখে তাদের সতর্ক করেছিলেন। সেই চিঠিতে রোনেন বার উল্লেখ করেন, পশ্চিম তীরের ইহুদি চরমপন্থীরা ফিলিস্তিনিদের বিরুদ্ধে 'সন্ত্রাসী' কাজ চালাচ্ছে এবং দেশের 'অবর্ণনীয় ক্ষতি' করছে।

গাজায় যুদ্ধ শুরু হওয়ার পর থেকেই কিন্তু অধিকৃত পশ্চিম তীরে দ্রুত বসতি স্থাপন হচ্ছে। ইসরাইল সরকারের থাকা চরমপন্থীরা অবশ্য 'গর্ব' করে বলেন এই পরিবর্তন স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্র গঠনে বাধা দেবে। আশঙ্কা করা হচ্ছে, নিজেদের 'লক্ষ্য' পূরণের জন্য গাজায় যুদ্ধ দীর্ঘায়িত করতে চাইছে এই চরমপন্থীরা। বসতি স্থাপনের বিষয়ে পর্যবেক্ষণকারী ইসরাইলি সংস্থা 'পিস নাও'-এর ইয়োনাতান মিজরাহি বলেন, 'ওয়েস্ট ব্যাঙ্কের চরমপন্থী ইহুদিরা ইতিমধ্যে উত্তেজনাপূর্ণ ও অস্থিতিশীল পরিস্থিতিকে আরো বাড়িয়ে তুলছে এবং ইসরাইল-ফিলিস্তিন সংঘাতের অবসান ঘটানোর বিষয়টাকেও কঠিন করেছে।' তার মতে, ৭ অক্টোবরের হামলা পর ইসরাইলি সমাজে 'ক্রোধ ও ভয়ের মিশ্রণ' রয়েছে। ওই হামলার পর থেকে জমি দখল করে বসতি স্থাপনের ক্ষেত্রে 'গতি এসেছে' বলেও জানান তিনি। তার কারণ যারা জমি দখল করছেন, তাদের প্রশ্ন করার কেউ নেই। পিউ রিসার্চ সেন্টারের জুন মাসের একটা সমীক্ষা বলছে ৪০ শতাংশ ইসরাইলের মানুষ বিশ্বাস করেন, এই বসতি স্থাপন তাদের দেশকে নিরাপদ করেছে। ২০১৩ সালে এই সংখ্যা ছিল ২৭ শতাংশ। অন্যদিকে জুন মাসের ওই জরিপে অংশ নেয়া ৩৫ শতাংশ মানুষ আবার মনে করেন, বসতি স্থাপনের কারণে ইসরাইলের নিরাপত্তা ক্ষতিগ্রস্ত হয়েছে। আগের জরিপে ওই পরিসংখ্যান ছিল ৪২ শতাংশ। ইয়োনাতান মিজরাহি উদ্বেগ প্রকাশ করে জানান, পশ্চিম তীরের ইহুদি চরমপন্থীরা পরিস্থিতিকে আরো ভয়াবহ করে তুলেছে। একইসাথে ইসরাইল-ফিলিস্তিন সংঘাতের অবসান ঘটানোর বিষয়টাকেও আগের চেয়ে কঠিন করে তুলছে। তিনি বলেন, 'আমি মনে করি এটা অত্যন্ত বিপজ্জনক। এতে উভয়পক্ষের মধ্যে ঘৃণা বাড়ছে।' এই জাতীয় ঘটনায় বৃদ্ধি আগেই দেখা গিয়েছিল। কিন্তু গত ১০ মাসে এমন ১ হাজার ২৭০টা হামলার ঘটনা নথিভুক্ত করেছে জাতিসঙ্ঘ। ২০২২ সালে এই সংখ্যা ছিল ৮৫৬।



ইসরাইলি মানবাধিকার সংস্থা বেটসেলেমের তথ্য অনুযায়ী, একই সময়ে ইসরাইলি বসতি স্থাপনকারীদের কারণে অন্তত পশ্চিম তীরের ১৮টা গ্রাম ছেড়ে চলে যেতে বাধ্য হয়েছেন ফিলিস্তিনিরা। ইসরাইল ও জর্ডনের মধ্যবর্তী এই ফিলিস্তিনি অঞ্চল ১৯৬৭ সালের মধ্যপ্রাচ্য যুদ্ধে সময় দখল করেছিল ইসরাইল। তখন থেকে এই অংশ তাদের দখলেই রয়েছে। জাতিসঙ্ঘের তথ্য অনুযায়ী, গত বছর ৭ অক্টোবর থেকে চলতি বছরের আগস্ট মাসের মধ্যে ওয়েস্ট ব্যাঙ্কে ৫৮৯ জন ফিলিস্তিনির মৃত্যু হয়েছে। এর মধ্যে অন্তত ৫৭০ জনের মৃত্যু হয়েছে ইসরাইলির বাহিনীর হাতে এবং অন্তত ১১ জনের মৃত্যু হয়েছে বসতি স্থাপনকারীদের হাতে। জাতিসঙ্ঘের মতে, এদের মধ্যে কেউ কেউ হামলার পরিকল্পনা করছিল বলে জানা গিয়েছে, আবার এই তালিকায় নিরস্ত্র বেসামরিক লোকজনও রয়েছে। আবার অন্য দিকে, ওই একই সময়ে ফিলিস্তিনিরা পাঁচজন 'সেটলার' বা বসতি স্থাপনকারী ও ইসরাইলি নিরাপত্তা বাহিনীর নয়জন সদস্যকে হত্যা করেছে। চলতি সপ্তাহে বেথেলহেমের কাছে ওয়াদি আল-রাহেলে বসতি স্থাপনকারী ও ইসরাইলি সেনারা প্রবেশ করে। সেখানে ৪০ বছরের এক ফিলিস্তিনিকে গুলি করে হত্যা করা হয়। ইসরাইলি সামরিক বাহিনী জানিয়েছে, এর আগেও কাছাকাছি থাকা একটা ইসরাইলি গাড়ি লক্ষ্য করে পাথর ছোঁড়া হয়েছিল।

গত মাসে জিট গ্রামে জায়গা দখলের উদ্দেশ্যে ঢুকে পড়া কয়েক কিছু লোক তাণ্ডব চালালে ২২ বছরের এক ফিলিস্তিনির মৃত্যু হয়। এই ঘটনায় আন্তর্জাতিক স্তরে নিন্দা করা হয়। ইসরাইলি নিরাপত্তা বাহিনী এই ঘটনায় চারজনকে গ্রেফতার করেছে। তাদের পক্ষ থেকে একে 'মারাত্মক সন্ত্রাসী ঘটনা' হিসেবে বর্ণনা করা হয়েছে। কিন্তু এই পদক্ষেপ 'দায়মুক্ত' করার জন্য বলেই মনে করে মানবাধিকার সংগঠনগুলো। ইসরাইলি নাগরিক অধিকার গোষ্ঠী 'ইয়েশ দিন'-এর তথ্য বলছে ২০০৫ থেকে ২০২৩ সালে বসতি স্থাপনকারীদের সহিংসতার ঘটনার আনুষ্ঠানিক তদন্তের পর মাত্র তিন শতাংশ দোষী সাব্যস্ত হয়েছে। ইসরাইলি গণমাধ্যমে ফাঁস হওয়া রোনেন বারের চিঠিতে উল্লেখ করা হয়েছিল 'লঘু আইনি পদক্ষেপই' চরমপন্থী দখলদারদের 'উৎসাহ' দিয়েছিল।

**'অত্যন্ত বিপজ্জনক'**

পশ্চিম তীরের কিছু অংশে একচেটিয়াভাবে প্রতিষ্ঠিত ইহুদি সম্প্রদায়ের মাঝেই বাস করছে এই নতুন বসতি স্থাপনকারীরা। এর মধ্যে অনেক বসতিতেই ইসরায়েলি সরকারের আইনি সমর্থন রয়েছে। অন্য বসতি যা 'আউট পোস্ট' বা ফাঁড়ি হিসেবে পরিচিত সেগুলো বেশিভাগই কাফেলা এবং লোহার তৈরি ছাউনির মতো সাধারণ। এগুলো কিন্তু ইসরায়েলের আইনের চোখেও অবৈধ। কিন্তু চরমপন্থীরা আরো বেশি জমি দখলের করার উদ্দেশ্য নিয়ে এগুলো তৈরি করে।

জুলাই মাসে, যখন জাতিসঙ্ঘের শীর্ষ আদালত প্রথমবার জানতে পারে পূর্ব জেরুসালেম-সহ পশ্চিম তীরে ইসরাইলের দখল অবৈধ, তখন ওই দেশকে বসতি স্থাপন সংক্রান্ত সমস্ত কার্যকলাপ বন্ধ এবং যত দ্রুত সম্ভব সেনা প্রত্যাহার করতে কথা বলা হয়। ইসরাইলের পাশ্চাত্যের মিত্ররা কিন্তু বারবার এই বসতি স্থাপনকে শান্তি আনার পথে অন্তরায় বলে আখ্যা দিয়ে এসেছে। ইসরাইল অবশ্য এই নির্দেশ প্রত্যাখ্যান করে জানায়, 'ইহুদিরা তাদের নিজেদের জমিতে কোনোভাবেই দখলদার নয়।'

এখন আশঙ্কা করা হচ্ছে, পশ্চিম তীরে বসতি স্থাপনের এই পদক্ষেপকে যাতে কোনোভাবেই বন্ধ না করা যায়, তা নিশ্চিত করতে কাজ করছে চরমপন্থীরা। ইসরাইলের ইতিহাসে সবচেয়ে উগ্র-ডানপন্থী সরকারের সমর্থন পেয়ে ওই অঞ্চলে দ্রুত তাদের নিয়ন্ত্রণ বিস্তার করেছে। পশ্চিম তীরে সংযুক্তির পরিকল্পনাকে আরো মজবুত করছে এই চরমপন্থীরা। শুধু তাই নয়, যুদ্ধ শেষ হওয়ার পরে গাজায় বসতি স্থাপনের জন্য প্রকাশ্যে আহ্বানও জানাচ্ছে।

নতুন বসতি স্থাপনকারীদের অনেকেই এখন ইসরাইল সরকারের গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়ে কর্মরত। একদিকে পশ্চিম তীরে এই বসতি স্থাপনের বিরোধিতাকারী বিশ্বনেতারা দ্বি-রাষ্ট্র সমাধানের জন্য নতুন করে উৎসাহ দিচ্ছেন, শান্তি আনার ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপের কথা বলছেন। আর অন্যদিকে ইসরায়েলের জাতীয়তাবাদীরা যারা বিশ্বাস করে এই পুরো জমি তাদের (ইসরায়েলের) মালিকানাধীন, তারা স্বাধীন ফিলিস্তিন রাষ্ট্রের স্বপ্নকে 'অসম্ভব' করে তুলতে সচেষ্ট।

বিশ্লেষকরা মনে করেন, এ কারণেই কিছু রাজনীতিবিদ যুদ্ধবিরতি চুক্তি মানতে নারাজ। টাইমস অফ ইসরাইলের রাজনৈতিক সংবাদদাতা টাল স্নাইডার বলেন, 'তারা সংঘাতের অবসান ঘটাতে চায় না বা জিম্মি চুক্তিতে যেতে চায় না কারণ তারা বিশ্বাস করে যে ইসরাইলের লড়াই চালিয়ে যাওয়া উচিত যতক্ষণ না তারা গাজার ভেতরে থাকতে পারে। তারা দীর্ঘমেয়াদী চিন্তা পোষণ করেন এবং মনে করে তাদের মতাদর্শ বেশি ন্যায়সঙ্গত। এটা অবশ্য তাদের নিজস্ব যুক্তি।'

ইতোমধ্যে ইসরাইলি কর্তৃপক্ষ পাঁচটা নতুন বসতির পরিকল্পনার কথা জানিয়েছে। এই তালিকায় রয়েছে বাত্তিরের বসতি এবং রাষ্ট্রের জন্য কমপক্ষে ২৩ বর্গ কিলোমিটার ক্ষেত্র। এর অর্থ হলো ইসরাইল এই জমিকে তাদের নিজেদের বলে মনে করে, তা সে অধিকৃত ফিলিস্তিনি অঞ্চলেই হোক বা ফিলিস্তিনিদের ব্যক্তিগত মালিকানাধীন হোক কিংবা দু'টিই। স্থলভাগে তথ্য পরিবর্তন করে এই দখলদাররা বিপুল সংখ্যক ইসরাইলিদের ওই জমিতে স্থানান্তরিত করতে চায় যাতে তাদের উপস্থিতির জানান দেয়া যেতে পারে। এবং দীর্ঘমেয়াদে এই ভূখণ্ডকে আনুষ্ঠানিকভাবে তারা দখল করবে। এদিকে, রাষ্ট্র অনুমোদিত ভূমি দখলের বাইরে চরমপন্থীরাও কিন্তু ওই অঞ্চলে দ্রুত বসতি স্থাপন করেছে।

হেবরনের উত্তরে আল-কানুবের একটা স্যাটেলাইট চিত্র অনুযায়ী, যুদ্ধ শুরুর কয়েক মাসের মধ্যে নতুন কাফেলা এবং রাস্তা নজরে এসেছে। ইতোমধ্যে ওই অঞ্চল থেকে ফিলিস্তিনি সম্প্রদায়কে উচ্ছেদ করা হয়েছে। ইব্রাহিম শালালদা (৫০) এবং তার ৮০ বছর বয়সী চাচা মোহাম্মদের সাথে আমরা আল-কানুবের দিকে রওনা হলাম। তারা আমাদের জানিয়েছিলেন কিভাবে গত বছরের নভেম্বরে বসতি স্থাপনকারীরা তাদের বাড়িঘর ধ্বংস করে দিয়েছে। আমরা কাছাকাছি আসতেই একজন চরমপন্থী (ওই অঞ্চলে দখলদারদের মধ্যে একজন) তার গাড়ি নিয়ে আমাদের রাস্তা আটকায়। কিছুক্ষণের মধ্যেই সশস্ত্র ইসরাইলিরা সেখানে পৌঁছে যায়। ইসরাইলি প্রতিরক্ষা বাহিনীর (আইডিএফ) কয়েকজন সৈন্য এবং সেটেলমেন্ট সিকিউরিটি অফিসার হিসেবে পরিচয় দেয়া এক ব্যক্তি তল্লাশির জন্য আমাদের থামায়। সেটেলমেন্ট গার্ড আমাদের গাড়ির অন্য দুই যাত্রীকে (দুজন ফিলিস্তিনি) গাড়ি থেকে নামিয়ে তল্লাশি করেন। দু'ঘন্টা পরে, আইডিএফ সৈন্যরা বসতি স্থাপনকারীদের ছত্রভঙ্গ করে দেয় এবং আমাদের (গণমাধ্যমকর্মী) গাড়িকে যেতে দেয়া হয়।

পাঁচ দশকেরও বেশি সময় আগে জর্ডনের কাছ থেকে পশ্চিম তীর দখল করার পরপরই সেখানে বসতি স্থাপন শুরু করে ইসরাইল। তারপর থেকে ক্ষমতায় আসা প্রতিটা সরকারই সেখানে ক্রমবর্ধমান বসতি সম্প্রসারণের অনুমতি দিয়েছে। বর্তমানে সেখানে (ইসরাইল অধিকৃত পূর্ব জেরুসালেম বাদে) আনুমানিক ৩০ লাখ ফিলিস্তিনি ৫ লাখ ইহুদি ইসরাইলির সাথে ১৩০টারও বেশি বসতিতে থাকে। তবে ২০২২ সালে দায়িত্ব নেয়া একজন সুপরিচিত উগ্র-ডানপন্থী সরকারি নেতা এই সংখ্যা দ্বিগুণ করার প্রতিশ্রুতি দিচ্ছেন। উগ্র-ডানপন্থী নেতা বেজালেল স্মোট্রিচ বিশ্বাস করেন, ওই জমিগুলোতে ইহুদিদের 'সৃষ্টিকর্তা প্রদত্ত অধিকার' রয়েছে। তিনি দুটি উগ্র-ডানপন্থী বসতি স্থাপনকারী দলের মধ্যে একটার প্রধান। প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু ২০২২ সালের নির্বাচনের পরে তাকে ক্ষমতায় আনেন। স্মোট্রিচ অর্থমন্ত্রীর দায়িত্ব পালন করলেও তিনি একইসাথে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে পদাধিকারী, যা তাকে পশ্চিম তীরে ইসরাইলি নীতিতে ব্যাপক পরিবর্তন আনার সুযোগ করে দিয়েছে।

নতুন রাস্তাঘাট ও অবকাঠামোসহ এই বসতিগুলোতে রাষ্ট্রের অর্থ থেকে ব্যাপক বিনিয়োগ করেছেন তিনি। দ্রুত বসতি নির্মাণের জন্য নতুন আমলাতন্ত্রও তৈরি করেছেন। গোপনে রেকর্ড করা কথোপকথনে তাকে সমর্থকদের কাছে গর্ব করে বলতে শোনা গিয়েছে, তিনি সিস্টেমের 'ডিএনএ পরিবর্তন' করেছেন এবং পশ্চিম তীরে সংযুক্তির জন্য তার যে পদক্ষেপ তা 'আন্তর্জাতিক এবং আইনি প্রেক্ষাপটে' নিরিখে কার্যকর।

প্রবীণ ইসরাইলি সাংবাদিক ও দ্য ইকোনমিস্টের সংবাদদাতা আনশেল ফেফার বলেন, 'ইসরাইলিদের এই গোষ্ঠী ফিলিস্তিনি বা ইসরাইলের অন্যান্য আরব প্রতিবেশীদের সাথে কোনো রকমের সমঝোতার বিরোধী।' আর গাজায় যুদ্ধের কারণে উগ্র-ডানপন্থীরা নতুন সুযোগ পেয়েছে। স্মোট্রিচ ফিলিস্তিনি বাসিন্দাদের চলে যাওয়ার আহ্বান জানিয়েছেন, যাতে ইসরায়েলিদের জন্য পথ প্রশস্ত হয়। যদিও নেতানিয়াহু গাজায় ইহুদি বসতি পুনঃস্থাপনের সম্ভাবনা নাকচ করে দিলেও উগ্র-ডানপন্থী দলগুলোর সাথে তার বর্তমান সমীকরণ লক্ষ্যনীয়। তারা নেতানিয়াহুকে ক্রমাগত হুমকি দিচ্ছে যে তিনি যদি হামাসের হাতে আটক ইসরাইলি পণবন্দীদের দেশে ফিরিয়ে নিতে 'বেপরোয়া' যুদ্ধবিরতি চুক্তিতে স্বাক্ষর করেন তবে এই জোট তারা ভেঙে দেবে। চরমপন্থীদের যুক্তি হয়তো সংখ্যালঘু ইসরাইলিরাই অনুসরণ করে। কিন্তু এটা যুদ্ধকে দীর্ঘায়িত করছে এবং নাটকীয়ভাবে পশ্চিম তীরের দৃশ্যপট বদলে দিচ্ছে- যা শান্তি স্থাপনের পথে বাধা হয়েও দাঁড়াচ্ছে।

*সূত্র : বিবিসি*

সিমোন টিসডাল

# মায়ানমারকে ভাগ করে শাসন করার নীতি চিনের

জাতি, ধর্ম ও মতাদর্শে বিভক্ত মায়ানমার কখনোই একটা সম্প্রীতিপূর্ণ ও ঐক্যবদ্ধ জাতিরাষ্ট্রের মডেল নয়। আর ২০২১ সালের সামরিক অভ্যুত্থান এবং তার পথ ধরে আসা গৃহযুদ্ধে মায়ানমারের সমাজে পুরোনো ও নতুন বিভাজনগুলো দ্রুতগতিতে বেড়ে চলেছে।

মায়ানমারে গণতন্ত্রের প্রত্যাবর্তনে সমর্থন দেওয়া পশ্চিমা বিশ্ব এবং প্রতিবেশী রাষ্ট্রগুলো এখন আরও মৌলিক ও জরুরি চ্যালেঞ্জের মুখে পড়েছে। সেটা হলো মায়ানমারের এই অরাজক অবস্থা ও ভেঙে পড়া দশাকে কীভাবে ঠেকানো যাবে। মায়ানমার যদি ভেঙে যায়, তাহলে একটা অস্থিরতার ঢেউ বঙ্গোপসাগর, বাংলাদেশ এবং দক্ষিণ-পূর্ব এশিয়াজুড়ে আছড়ে পড়বে। দেশটির ৫ কোটি ৪০ লাখ মানুষের জন্য শোচনীয় মানবিক অভিঘাত তৈরি হবে।

অন্যখানেও বিচ্ছিন্নতাবাদী শক্তি এবং অরাষ্ট্রীয় খেলোয়াড়দের শক্তি বাড়াবে এবং আঞ্চলিক নেতৃত্ব হিসেবে চীনের অবস্থানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করবে। প্রেসিডেন্ট সি চিন পিং যদি মায়ানমারকে বাগে আনতে না পারেন, তাহলে পরাশক্তির ভান করে কী লাভ?

ভয়াবহ নৃশংসতা মাঝেমধ্যে মায়ানমারকে আন্তর্জাতিক খবরের শিরোনাম বানায়। একটি ঘটনা ঘটেছে এ মাসেই। বৌদ্ধ সংখ্যাগরিষ্ঠ রাখাইন রাজ্যে সংঘাতের হাত থেকে জীবন বাঁচাতে বাংলাদেশে পলায়নরত ২০০ জন নিরস্ত্র রোহিঙ্গা বেসামরিক নাগরিককে ড্রোন হামলায় হত্যা করা হয়েছে। সংখ্যালঘু রোহিঙ্গাদের মুসলমানদের বিরুদ্ধে যেসব গণহত্যা হয়েছে, তাতে মায়ানমারের সেনাবাহিনী অংশ নিয়েছে। কিন্তু এবার আক্রমণ করেছে আঞ্চলিক বিচ্ছিন্নতাবাদী গোষ্ঠী আরাকান আর্মি।

ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপ (আইসিজি) সম্প্রতি সতর্ক করে দিয়েছে, 'মায়ানমার রাষ্ট্রটি ভেঙে পড়ার উপক্রম হয়েছে। কারণ হলো জাতিগত সশস্ত্র গোষ্ঠীগুলো তাদের মাতৃভূমির ওপর নিয়ন্ত্রণ সুদৃঢ় করছে, দেশটির কেন্দ্রে একটা দুর্বল সরকার ক্ষমতা আঁকড়ে পড়ে রয়েছে এবং তারা যেসব ভূখণ্ড হারিয়েছে, সেসব জায়গায় প্রতিশোধমূলক হামলা চালাচ্ছে। মায়ানমারে আরও বিভাজন অনিবার্য হয়ে উঠেছে।'



যদিও ব্যর্থ জেনারেল মিন অং হ্লাইংয়ের ক্ষমতাচ্যুতি সময়ের ব্যাপার মাত্র, কিন্তু জান্তা সরকারের পতন এখনই হচ্ছে না। আইসিজির ব্যাখ্যা হচ্ছে, আঞ্চলিক ও জাতিগত সশস্ত্র গোষ্ঠীর মধ্যে একটা ঐক্যবদ্ধ জাতীয় দৃষ্টিভঙ্গির ঘাটতি রয়েছে। অভ্যুত্থান-পরবর্তী সময়ে গণতন্ত্রপন্থীরা মিলে ন্যাশনাল ইউনিটি গভর্নমেন্ট গড়ে তুলেছে। গণতন্ত্রপন্থীরা পিপলস ডিফেন্স ফোর্স গড়ে তুললেও তাদের হাতে তেমন কোনো অস্ত্রশস্ত্র নেই, যা ব্যবহার করে তারা বিজয়ী হতে পারে।

যদিও এককেন্দ্রিক রাষ্ট্র মায়ানমার শিগগিরই বিলুপ্ত হচ্ছে না। কিন্তু অবিরাম যুদ্ধ ও অস্থিতিশীলতার কারণে সেই সম্ভাবনা তৈরি হওয়ায় চীন ভীষণভাবে সতর্ক হয়ে পড়েছে। মায়ানমারের সঙ্গে চীনের প্রায় ১ হাজার ২৫০ মাইল দীর্ঘ সীমান্ত রয়েছে। সেটা বিবেচনায় চীন নিরাপত্তা, বিশাল বাণিজ্য ও অবকাঠামো খাতে নেতিবাচক প্রভাব এবং আন্তসীমান্তীয় অপরাধের ব্যাপারে শঙ্কিত। এ মাসে নেপিডো সফরে গিয়ে চীনের পররাষ্ট্রমন্ত্রী ইয়াং ই গন্ডগোল ও সংঘাতের বিরোধিতা করেছেন এবং জান্তা সরকারের কাছে চীনের নাগরিকদের ও প্রকল্পের সুরক্ষা দেওয়ার দাবি জানিয়েছেন।

পরাজিত ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের মতো অত্যন্ত নিন্দিত কাজ করছে চীন। মায়ানমারকে বিভক্ত করো এবং শাসন করো—এই নীতিতে চলছে চীন। যেসব গোষ্ঠী সীমান্ত এলাকা নিয়ন্ত্রণ করছে, তাদের সঙ্গে গোপনে সম্পর্ক রেখে চলেছে চীন। এর কারণ হলো তারা তাদের বিনিয়োগ ও ভূকৌশলগত স্বার্থগুলো সুরক্ষিত রাখতে চায়। রেডিও ফ্রি এশিয়ার খবর হলো, এ মাসেই বিদ্রোহীদের ঘাঁটি রক্ষা করার জন্য চীন মায়ানমারের ভেতরে জান্তা বাহিনীর ওপর গোলাবর্ষণ করেছে। এ ধরনের ঘটনা এবারই প্রথম ঘটল।

এই খবরও আছে যে অক্টোবর মাসে উত্তরাঞ্চলের বিদ্রোহী গোষ্ঠীগুলোর জোট থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্সের মধ্যে সমন্বয়ের কাজটি করেছেন চীনের গোয়েন্দা সংস্থার লোকজন। একই সঙ্গে চীন ও তার মিত্র রাশিয়া জান্তাকে অব্যাহতভাবে অস্ত্রের জোগান দিয়ে যাচ্ছে। এর বিনিময়ে এই জোট মায়ানমারভিত্তিক বিলিয়ন ডলারের অনলাইন জালিয়াত চক্র এবং চীনের লোকজনকে পাচার করে আনা চক্র গুঁড়িয়ে দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে।

বিদ্রোহীরা দুই শতাধিক সেনাঘাঁটি ও সীমান্তচৌকি দখলে নেওয়ার পর জান্তা সরকার বেশ কয়েকটি শহরে চীনবিরোধী বিক্ষোভের অনুমোদন দেয়। মায়ানমারের জান্তা সরকার মনে করে, বিদ্রোহীদের কুমন্ত্রণা দিয়েছিল চীন।

এ পরিস্থিতিতে চীন অলৌকিকভাবে একটা যুদ্ধবিরতি ঘটায় এবং শান্তি আলোচনায় মধ্যস্থতা করার প্রস্তাব দেয়। কিন্তু কেউ কাউকে বিশ্বাস করেনি। জুন মাসে আবার জোরেশোরে লড়াই শুরু হয়।

*সিমোন টিসডাল পররাষ্ট্র বিষয়ে বিশ্লেষক*

*দ্য গার্ডিয়ান থেকে নেওয়া, ইংরেজি থেকে অনূদিত*

## প্রথম নজর

# শিশু সুরক্ষা বিষয়ক কর্মসূচি হাই মাদ্রাসায়



**নিজস্ব প্রতিবেদক ● মেদিনীপুর**

**আপনজন:** শিশু সুরক্ষা, শিশুর অধিকার ও শিশুর মানসিক স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি গ্রহণ করা হল মেদিনীপুর গ্রামীণের এলাহিয়া হাই মাদ্রাসা (উঃ মাঃ) শিক্ষা প্রতিষ্ঠানে। গত কয়েকদিন ধরেই মেদিনীপুর সদরের অন্তর্গত বেশ কয়েকটি নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানে এই বিষয়ক কর্মসূচি গ্রহণ করা হয়েছে পশ্চিম মেদিনীপুর শিক্ষা দফতরের উদ্যোগে ও জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ, কলকাতা'র সহযোগিতায়। মূলত, কম বয়সে বিবাহ, ভ্রূণ হত্যা, শিশুর স্বাস্থ্য, মানসিক স্বাস্থ্য, শিশুর অধিকার বিষয়ক বক্তব্য পেশ করা হয়। একটি শিশুর বেঁচে থাকার অধিকার, শিশুর বৃদ্ধি, শিশুর পুষ্টি বিষয়ক আলোচনা গুলিও তুলে ধরা হয়। আলোচনাকে আকর্ষণীয় ও মনোগ্রাহী করে তোলার জন্য একটি যাদু প্রদর্শনীর আয়োজন করা হয়। পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণীর শতাধিক পড়ুয়া আজকের এই কর্মসূচিতে অংশগ্রহণ করেছে।

কর্মসূচিতে আলোচনা করার জন্য উপস্থিত হয়েছিলেন 'জয়প্রকাশ ইনস্টিটিউট অব সোশ্যাল চেঞ্জ' এর পক্ষ থেকে সোমা দাস, জয়প্রকাশ সিনহা, 'চাইল্ড প্রোটেকশন অফিসার, এন.আই.সি., মেদিনীপুর বি.এস.সি. নার্সিং কলেজের অধ্যাপিকা মানসিক রোগ বিশেষজ্ঞ চন্দ্রিমা পাল এবং অঞ্জন দাস। শিক্ষা প্রতিষ্ঠানে এই বিষয়ক একটি কর্মসূচি গ্রহণ করার জন্য মাদ্রাসার প্রধান শিক্ষক সেখ নুর আলম উদ্যোক্তাদের সাধুবাদ জানিয়েছেন। উনি বলেন - 'বর্তমান সামাজিক পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানে পড়ুয়াদের সচেতন করার জন্য এহেন উদ্যোগ অবশ্যই প্রয়োজন।' মাদ্রাসার পক্ষে উপস্থিত ছিলেন - শিক্ষক নরসিংহ দাস, আজিবুর রহমান, সুজয় মন্ডল, অলকেশ অট্ট, সাহিদা বেগম প্রমুখ।

# লালবাগ দারুস সালাম মাদ্রাসায় নয়া মসজিদ



**জাকির সেখ ● মুর্শিদাবাদ**

**আপনজন:** জেলার ঐতিহ্যবাহী ইসলামী শিক্ষা প্রতিষ্ঠান লালবাগ কোর্ট রোডে অবস্থিত খোজারডাঙ্গা দারুস সালাম মাদ্রাসায় শুক্রবার প্রায় এক হাজার মুসল্লির জুমুআর নামাজ আদায়ের মাধ্যমে আনুষ্ঠানিক ভাবে মসজিদের উদ্বোধন করা হয়। জেলা জমিয়তে উলামা ও রাবেতা বোর্ডের সভাপতি মাওলানা বদরুল আলমের বক্তব্য, খুতবা পাঠ ও নামাজ পড়ানোর মাধ্যমে মাদ্রাসার যয়নব মসজিদের উদ্বোধন করা হয়। তিনি বলেন, মুসলিম উম্মাহর কাছে অত্যান্ত প্রিয় ও মর্যাদাপূর্ণ স্থান হচ্ছে মসজিদ। মসজিদ আল্লাহর ঘর। নবীজী (সা.) বলেছেন, আল্লাহর কাছে সর্বোত্তম জায়গা হচ্ছে মসজিদ, আর সবচেয়ে নিকৃষ্ট জায়গা হচ্ছে বাজার। যে ব্যক্তি আল্লাহর জন্য মসজিদ নির্মাণ করল, আল্লাহ তার জন্য জান্নাতে ঘর নির্মাণ করবেন। তাই মসজিদের সঙ্গে মুসলিম উম্মাহর হৃদয় ও আত্মার সম্পর্ক। মাদ্রাসার পরিচালক হাফেজ নাসিবুর রহমান বলেন মাদ্রাসা দারুস সালামে ১২০ জন ছাত্র পড়াশোনা করে এবং খোজারডাঙা মহিলা বিভাগ মাদ্রাসায় প্রায় ৩৩০ জন ছাত্রী পড়াশোনা করে। মাদ্রাসার ছাত্রদের নামাজ পড়ার সেই রকম কোনও জায়গা ছিল না। মহান আল্লাহর দয়ায় এবং এলাকাবাসী ও জেলা জমিয়তের সহ সম্পাদক হাফেজ উবাইদুল্লাহ সাহেবের সহযোগিতায় এই মসজিদ গড়ে উঠেছে। এলাকাবাসী যেভাবে সহযোগিতা করেছে আগামীদিনে আরও করবেন বলে আশা রাখি।

# মানবতার সেবায় নিউ আল-ইসলাহর অফিস

**মোহাম্মদ জাকারিয়া ● করণদিঘী**



**আপনজন:** মানবতার সেবায় নিবেদিত এক দল স্বপ্নবাজ মানুষের উদ্যোগে খোলা হলো এমন একটি অফিস, যা অসহায় মানুষদের জীবনে পরিবর্তন আনতে বদ্ধপরিকর। এই উদ্যোগে যেন নতুন আশার আলো দেখছে সবাই।

শুক্রবার উত্তর দিনাজপুর জেলার করণদিঘী ব্লকের দোমোহনা পঞ্চায়েতের বিকৌর পাওয়ার হাউসের সামনে এক ঐতিহাসিক মূহুর্তের সাক্ষী হলো এলাকাবাসী। স্থানীয় স্বেচ্ছাসেবী ও সমাজসেবী ফাউন্ডেশন, নিউ আল-ইসলাহ ফাউন্ডেশন, তার নতুন অফিসের উদ্বোধন করেছে। ফিতা কেটে এই অফিসের শুভ উদ্বোধন করেন ১৩ নম্বর জেলা পরিষদের সদস্য আবদুর রহিম। অনুষ্ঠানে মুনসুর রহমান সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিত্বরাও উপস্থিত ছিলেন।

নিউ আল-ইসলাহ ফাউন্ডেশন এর পরিচিতি বেশিরভাগই মানুষের সহযোগিতার মাধ্যম হিসেবে। এটি একটি স্বেচ্ছাসেবী ও সমাজসেবী প্রতিষ্ঠান যা গরিব, দুঃখী, এতিম, অসহায় এবং পীড়িত মানুষদের পাশে দাঁড়ায়। ফাউন্ডেশন এর চেয়ারম্যান মোস্তাফিজুর রহমান বলেন, "আমাদের লক্ষ্য হল সমাজের অসহায় মানুষদের পাশে থাকা। এই অফিসটি আমাদের কাজের পরিসর আরও বাড়াতে এবং মানুষের সেবা করতে আমাদের সহায়ক হবে।" তিনি আরও জানান, "এখানে যারা আসবেন তাঁদের আমরা সর্বাত্মক সহযোগিতা করার চেষ্টা করব।"

# দীর্ঘ ৩০ বছর ধরে শৌচাগারের মধ্যে শিকলে বন্দি যুবক

**হাসান লস্কর ● পাথরপ্রতিমা**



**আপনজন:** অমানবিকতার ছায়া ফুটে উঠল আবার দক্ষিণ চব্বিশ পরগনা জেলার পাথর প্রতিমা ব্লকের ভারত সেরা গ্রাম পঞ্চায়েতের অধিনে যশোদা মোড় সংলগ্ন এলাকার। প্রায় কোটি টাকার সাত থেকে আট বিঘা জায়গা থাকা সত্ত্বেও দীর্ঘ ৩০ বছর শিকলে বন্দী প্রায় বছর ৪৫ এর যুবক, কখনো ছোট্ট ঘরে কখনো বা পায়খানা ঘরের মধ্যে,মায়ের ভিক্ষাবৃত্তির খাবার খেয়ে কোনরকমে জীবন ধারণ করে ঐ ব্যক্তি। গৌরাঙ্গ মন্ডল, বাড়ির যশোদা মোড় সংলগ্ন এলাকা, ছেলে এবং মায়ের নামে রয়েছে প্রায় আট বিঘা জায়গাজমি, কিন্তু প্রায় ৩০ বছর আগেই কঠিন অসুখে আক্রান্ত হবার পর মানসিক ভারসাম্যহীন হয়ে পড়ে ঐ যুবক, তখন থেকে শিকলে বাঁধা অবস্থায় বাড়িতে ছিল। কিন্তু কয়েক বছর আগে একমাত্র দিদির স্বামী, মা এবং এই উন্মাদ ছেলেকে নিজের বাড়িতে নিয়ে আসে, ও বেশ কিছু জায়গা জমি বন্ধক দিয়ে দেয় বলে অভিযোগ, এবং পুকুরের পাড়ে আনুমানিক ১০ ফুট বাই ৪ ফুটের একটি পায়খানা ঘর তৈরি করে তার মধ্যেই শিকল দিয়ে বেঁধে দেয় জামাইবাবু, যেখানে মলমূত্র ত্যাগ, তার মধ্যেই মার ভিক্ষাবৃত্তি করে আনা চাল ডাল থেকে সামান্য খাবার কিছুটা হলে পৌঁছে যায় যুবকের কাছে।

এমন অমানবিক জীবনধারণের ছবি সর্বপ্রথম এই এলাকায়। মাঝেমধ্যে দুই একজন ডাক্তারকে দেখানো হলেও নিয়মিত ডাক্তার না দেখানোই যুবক মৃত্যুর দিকে চলে যাচ্ছে দাবি এলাকাবাসীর।আরো দাবী সম্পত্তির লোভে ওর জামাইবাবু ডাক্তার পর্যন্ত দেখাচ্ছে না। একই দাবি ভিক্ষাবৃত্তি করা যুবকের মায়ের। সভ্য সমাজে থেকেও এখনো এই নারকীয় ব্যবস্থা দেখতে হচ্ছে আর এ নিয়ে উঠছে লাখো টাকার প্রশ্ন।

# আবারও জলঙ্গির ফরিদপুরের এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হল কেরলে

**সজিবুল ইসলাম ● ডোমকল**



**আপনজন:** দেনা শোধ করার উদ্দেশ্য কেরলে পাড়ি দিয়েছিলেন বয়স ৪২ এর রাজাকুল সেখ।গত আড়াই মাস আগে কেরলে কাজে গিয়ে ঢালায়ের কাজ শুরু করেন,মাঝে ভূমিধসের কারণে কাজ না হলেও বাড়ি ফিরতে পারেনি দেনার দায়ে।তার পরে হঠাৎ জ্বর ও বুকের অসুখে অসুস্থ হয়ে পড়ে গত এক মাস সেই অসুস্থতার মধ্যেও কাজ করে যাচ্ছিল।তার পরে বুকের অসুখ বেড়ে যাওয়ার আজ অর্থাৎ শুক্রবার বাড়ি ফেরার কথা থাকলেও আর বাড়ি ফেরা হলো না,এবার কফিন বন্দী হয়ে বাড়ি ফিরতে হচ্ছে,পরিবার সূত্রে জানাযায় গত রাত্রিতে ভালোই কথা বলেছিল স্ত্রীর সঙ্গে,কিন্তু সকালে আর ঘুম ভাঙ্গেনি চিরো ঘুমের দেশে চলে যায় রাজাকুল।

এমনি মর্মান্তিক ঘটনা ঘটেছে কেরলের কান্নানতালা এলাকায়। মৃত পরিযায়ী শ্রমিকের বাড়ি মুর্শিদাবাদের জলঙ্গী ব্লকের ফরিদপুর অঞ্চলের পোল্লাডাঙ্গা গ্রামের সরদার পাড়া এলাকায়। মৃতের স্ত্রী বলেন রাত্রিতে ভালোই কথা বলল,প্রতিদিনের মত শুক্রবার সকালেও স্বামীর সঙ্গে কথা বলার জন্য ফোন করলে ফোন তুলে না একাধিক বার ফোন করার পরে রুমের একজন ফোন ধরে জানান যে রাজাকুল ঘুমের মধ্য চিরো ঘুমের দেশে চলে গেছে ,মৃতের স্ত্রী আরো বলেন আমার পরিবারের একমাত্র উপার্জন কারী হঠাৎ এইভাবে চলে যাওয়ায় দিশেহারা হয়ে পড়েছি কি ভাবে দুই মেয়ে এক ছোটো ছেলে কে নিয়ে সংসার চালানো।তার উপরে অনেক টাকা দেনা রয়েছে।এখন দেনা শোধ করবো না সংসার চালাবো,পরিবার ও প্রতিবেশীরা সরকারি সাহায্য আবেদন জানান সরকারের কাছে ।তবে স্বামীর মুখটা শেষবারের মত দেখা কিভাবে হবে সেই নিয়েও চিন্তিত মৃতের পরিবার,সরকারি বা বেসরকারি ভাবে মৃত দেহ নিয়ে আনার আবেদন জানান।

# কান্দি মহকুমা শাসকের কাছে ডেপুটেশন আরএসপির



**নিজস্ব প্রতিবেদক ● কান্দি**

**আপনজন:** শুক্রবার আরএসপি'র উদ্যোগে চার দফা দাবিতে কান্দি মহকুমা শাসকের ডেপুটেশন প্রদান করা হয়। তাদের পেশ করা দাবিগুলির মধ্যে অন্যতম হল, কৃষকের উৎপাদিত ফসলের বিক্রয় মূল্য নির্ধারণে ন্যূনতম সহায়ক মূল্য প্রণয়ন করতে হবে।অবিলম্বে স্মার্ট মিটার বন্ধ করতে হবে। আর. জি.কর সহ সব নারী নির্যাতনের ঘটনার দ্রুত বিচার করতে হবে ও সমস্ত নারীর নিরাপত্তা সুনিশ্চিত করতে হবে।নিত্য প্রয়োজনীয় জিনিসের ক্রমাগত মূল্যবৃদ্ধি রুখতে রাজ্য ও কেন্দ্র সরকার কে কড়া পদক্ষেপ গ্রহণ করতে হবে। ছয় সদস্যের ডেপুটেশনের প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন আরএসপি রাজ্য কমিটির সদস্য নওফেল মহা: সফিউল্লা, মহিতোষ মজুমদার, জামাল চৌধুরী ও অন্যান্যরা। এ প্রসঙ্গে নওফেল মহা: সফিউল্লা বলেন কান্দি মহকুমা আরএসপির উদ্যোগে এসডিও অফিসের সামনে অবস্থান বিক্ষোভ সভা ও ডেপুটেশন কর্মসূচি ছিল। কিন্তু প্রশাসনিক অনুমতি না মেলায় অবস্থান বিক্ষোভ হয়নি। তাই মহকুমা শাসকের কাছে দলের তরফ থেকে চার দফা তাবি সম্বলিত এক স্মারকলিপি প্রদান করা হয়। মহকুমা শাসক বিবেচনা করার আশ্বাস দেন আমাদের প্রতিনিধি দলকে।

# সাইবার ক্রাইম করার অপরাধে ব্যাংকের পাস বই সহ ধৃত ২



**আরবাজ মোল্লা ● নদিয়া**

**আপনজন:** সাইবার ক্রাইম করার অপরাধে নকল ব্যাংকের পাস বই মোবাইল ফোন সহ দুই অভিযুক্ত কে গ্রেফতার করল রানাঘাট পুলিশ জেলার পুলিশ। এবার সাইবার ক্রাইম করার অপরাধে দুই অভিযুক্তকে গ্রেফতার করল পুলিশ।ধৃতদের শুক্রবার আদালতে তোলা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, রানাঘাটের ধানতলা এলাকা এবং কুশবেড়িয়া এলাকায় গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালায় সাইবার ক্রাইম থানার পুলিশ,এরপর সৌরভ বিশ্বাস এবং আবির মিত্রের কাছ থেকে বিভিন্ন ব্যাংকের পাসবুক এটিএম কার্ড মোবাইল ফোন এবং একটি ল্যাপটপ উদ্ধার করে। যদিও এদের বিরুদ্ধে এর আগেও একাধিক প্রতারণার অভিযোগ ছিল পুলিশের কাছে।সেইমতো পুলিশ গোপন সূত্রে খবর লাগিয়েছিল কিভাবে তাদের কাছে পৌঁছানো যায়।গতকাল রাতে দুই যুবকের বাড়ির ঠিকানায় হানা দিয়ে মেলে পুলিশের বড়সড় সাফল্য। যদিও এর আগেও দেখা গেছে রানাঘাট পুলিশ জেলার সাইবার ক্রাইম থানার পুলিশ একাধিক অপরাধীকে গ্রেফতার করে। তাদের কাছ থেকেও নকল ব্যাংকের বই সহ বিভিন্ন আসবাবপত্র উদ্ধার করে। পুলিশের তরফ থেকে সাইবার ক্রাইম রুখতে বিশেষ ভাবে মানুষকে সচেতন করা হয়।

# ভগবানগোলায় খুনে ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার



**সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ**

**আপনজন:** গুলি করে খুনের ঘটনায় ব্যবহৃত আগ্নেয়াস্ত্র উদ্ধার করল ভগবানগোলা থানার পুলিশ। উল্লেখ্য, গত ১৬ ই আগস্ট ভগবানগোলা থানার রমনা ডাঙ্গাপাড়া এলাকায় বেহাল রাস্তার প্রতিবাদ করার জেরে সাতসকালে খুন হয় বাবর আলী নামের এক ব্যক্তি। গুলি করে খুনের অভিযোগ ওঠে ভগবানগোলা এক পঞ্চায়েত সমিতির কৃষি কর্মাধ্যক্ষ তথা তৃণমূল নেতা গোলাম শেখ ওরফে গোলাপ শেখ সহ তার দলবলের বিরুদ্ধে। ভগবানগোলা থানায় লিখিত অভিযোগ দায়ের করে মৃত বাবর আলীর পরিবার। ঘটনার পরে বেশ কয়েকজন অভিযুক্তকে গ্রেফতার করা হলেও অধরা ছিল মূল অভিযুক্ত গোলাম শেখ। ঘটনার ১২ দিনের মাথায় বুধবার রাতে মোবাইল টাওয়ারের সূত্র ধরে লালগোলা থানার পন্ডিতপুর থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ। বৃহস্পতিবার ধৃতকে লালবাগ মহকুমা আদালতে তোলা হলে সাত দিনের পুলিশে হেফাজতে রাখার নির্দেশ দেন বিচারক। শুক্রবার পুলিশি হেফাজতে নিয়ে খুনে ব্যবহৃত আগ্নেয়াস্ত্রের সন্ধানে ধৃত গোলাম কে সাথে নিয়ে যায় পুলিশ। ভগবানগোলা থানার ধনীরামপুর বাগিচাপাড়া মাঠে একটি জল পাম্পের পাশে পুতে রাখা ব্যবহৃত আগ্নেয়াস্ত্র গোলাম নিজেই মাটি খুঁড়ে বের করে।

# বিজেপি নেতা যৌন নির্যাতনে অভিযুক্ত হলেন পানিহাটিতে



**নিজস্ব প্রতিবেদক ● পানিহাটি**

**আপনজন:** উত্তর ২৪ পরগনা জেলার পানিহাটিতে বাড়িতে আটকে মহিলা আয়াকে যৌন নির্যাতনের অভিযোগ বিজেপি নেতার বিরুদ্ধে।বিজেপি নেতাকে ধরে গণপিটুনি এলাকাবাসীর। এলাকায় উত্তেজনা।ঘটনাস্থলে ঘোলা থানার পুলিশ।

পানিহাটি নাটাগর এলাকায় এক মহিলাকে আটকে রেখে তার ওপর যৌন নির্যাতনের অভিযোগ উঠল এলাকার বিজেপি নেতা স্পন্দন দাসের বিরুদ্ধে।

টালিগঞ্জের মহিলাকে বাড়িতে আয়ার কাজ করানোর জন্য নিয়ে আসে বিজেপি নেতা। আর বাড়িতে নিয়ে এসে তারপর থেকে সারারাত ধরে চলে যৌন নির্যাতন।

ভোরবেলা মেয়েটি কোনমতে বাড়ি থেকে পালিয়ে এলাকার মানুষকে বিষয়টি জানায়। তারপর এলাকার মানুষ হাতেনাতে ধরে ফেলে বিজেপি নেতাকে। বিজেপি নেতা এলাকাবাসীর কাছ থেকে পালানোর চেষ্টা করলে। রাস্তায় ফেলে ব্যাপক গণপিটুনি দেওয়া হয় বিজেপি নেতাকে। ঘটনাকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা গোটা এলাকায়।পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ঘটনাস্থলে আসে ঘোলা থানার পুলিশ। অভিযুক্ত বিজেপি নেতাকে গ্রেফতার করে নিয়ে যায় ঘোলা থানার পুলিশ।

# ডিসি সেন্ট্রালকে হুমকি, তিন ইউটিউবারের

**আপনজন ডেস্ক:** কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়কে হুমকি দিলেন তিন ইউটিউবার। রীতিমত সোশ্যাল নেটওয়ার্কিং সাইডে পোস্ট করে আরজি করের মত কান্ড তার সঙ্গে ঘটবে এই ধরনের হুমকি দেওয়া হয় ওই আইপিএস অফিসারকে। কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়ের করা পোষ্টের মধ্যে কুৎসিত ভাষায় নানা ধরনের মন্তব্য করেন ঐ তিন ইউটিউবার। এই ঘটনায় হেয়ার স্ট্রীট থানায় ভারতীয় দণ্ডবিধির বিভিন্ন ধারায় এবং নারীর সঙ্গে অশালী ন বক্তব্য পেশ করার বিরুদ্ধে তথ্য টেকনোলজি আইনের ১৯৮৬ ধারার সেকশন ৬৭ তে মামলা দায়ের করা হয়েছে। টালা থানাতেও মামলা দায়ের করা হয়েছে। এদিকের কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায় শুক্রবার লালবাজারের সাংবাদিকদের মুখোমুখি হয়ে আরজিকর মেডিকেল কলেজের সেমিনার হলে যেখানে পড়ুয়া তরুণী চিকিৎসকের মৃতদে উদ্ধার হয়েছিল সেই জায়গা পুলিশ নিয়ম মেনে ঘিরে রেখেছিল বলে দাবি করেছেন। তিনি মোট দুটি ছবি দেখিয়ে সেখানে যারা দাঁড়িয়ে ছিলেন তাদের পরিচয় সংবাদ মাধ্যমের কাছে তুলে ধরেন। তিনি দাবি করেন ওই মৃতদেহের ময়না তদন্তের প্রক্রিয়ার পর ওখানে যারা ছিলেন বা ওই সময় যারা ছিলেন তাদের মধ্যে কলকাতা গোয়েন্দা বিভাগের হোমি সাইড শাখার ওসি



কলকাতা পুলিশ কমিশনার কলকাতার অতিরিক্ত পুলিশ কমিশনার -১, কলকাতা গোয়েন্দা বিভাগের নিজস্ব ফটোগ্রাফার, ফরেনসিক দপ্তরের লোকজন, টালা পার্ক থানার ওসি এবং চিকিৎসক ছিলেন। যারা সেখানে ছিলেন তারা কেউই তদন্তের বাইরে লোক নয়। কলকাতা পুলিশ যে জায়গায় মৃতদেহ পাওয়া গিয়েছিল সেই জায়গাটি সুরক্ষিত রেখেছিল। কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ছবিতে থাকা প্রত্যেককে চিহ্নিত করে পরিচয় দেওয়ার পর তিনি বলেন গত ৯ অগাস্ট সকাল সাড়ে দশটার মধ্যে পুলিশ ঘটনাস্থল ঘিরে ফেলেছিল। কোনভাবেই সেই অংশে বাইরের লোক ঢুকতে পারেনি প্রমাণ নষ্টের তত্ত্ব আনা হচ্ছে তা সম্পূর্ণ ভুয়ো বলে দাবি করেন ডিসি সেন্ট্রাল। যেখানে মৃতদেহ পাওয়া গিয়েছিল সেই সেমিনার হলের দৈর্ঘ্য ৫১ ফুট এবং প্রস্থ ৩২ ফুট। মৃতদেহ উদ্ধার হওয়ার পরই ঘরের ৪০ ফুট অংশ পুলিশ ঘিরে রেখেছিল। হাসপাতাল থেকে সাদা কাপড় নিয়ে জায়গাটি ঘেরা হয়েছিল। ঘরের বাকি অংশ অর্থাৎ ১১ ফুট জায়গায় কয়েকজন দাঁড়িয়েছিল দাবি কলকাতা পুলিশের।

# হাতেনাতে ধৃত চোর

**নিজস্ব প্রতিবেদক ● হাওড়া**

**আপনজন:** চুরি করতে এসে এলাকার বাসিন্দাদের হাতেনাতেই ধরা পড়ে গেল এক চোর। পলাতক আরও দুই। ধৃতকে বেঁধে রেখে উত্তমমধ্যম দিয়ে তুলে দেওয়া হলো পুলিশের হাতে। হাওড়ার জগৎবল্লভপুরের মুন্সিরহাটের এই ঘটনায় চাঞ্চল্য। ২০১৯ সাল থেকে



পুলিশের বৃহস্পতিবার রাতে চুরি করার সময় এলাকার বাসিন্দাদের হাতে ওই দুষ্কৃতী ধরা পড়ে যায়।

# হজ সচেতনতা শিবির..



*আপনজন: মুর্শিদাবাদের ডোমকলের এসডিও অফিসের কাছে এআরডি হলে মুর্শিদাবাদের জেলা প্রশাসনের সংখ্যালঘু বিভাগের উদ্যোগে শুক্রবার এক হজ সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়। তাতে উপস্থিত ছিলেন রাজ্য হজ কমিটির আধিকারক সৈয়দ নায়ার ইকবাল ও ইমাম মুয়াজ্জিন সহ বিশিষ্টজনরা।*

## ছড়িয়ে-ছিটিয়ে

# ইটভাটার কাছ থেকে মৃতদেহ উদ্ধার



**নিজস্ব প্রতিবেদক ● অরঙ্গাবাদ**

**আপনজন:** মুর্শিদাবাদের সামশেরগঞ্জের জয়কৃষ্ণপুর মাঠপাড়া ইটভাটার কাছে থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার। শুক্রবার সকাল সকাল ঘটনায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এলাকাজুড়ে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় সামশেরগঞ্জ থানার পুলিশ। পুলিস জানিয়েছে, মৃত ওই ব্যক্তির নাম সুবোধ মন্ডল(৫২)। তার বাড়ি সামশেরগঞ্জ থানার তিনপাকুরিয়া গ্রাম পঞ্চায়েতের রাণীপুর গ্রাম। মৃত ব্যক্তি সামান্য মানসিক ভারসাম্যহীন ছিলেন বলেই জানিয়েছে পরিবারের সদস্যরা। যদিও এখনও পর্যন্ত মৃত্যুর সঠিক কারণ জানা যায়নি। পুলিশ মৃত দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গিপুর মহকুমা হাসপাতালে পাঠিয়েছে। মৃত্যুর কারণ খতিয়ে দেখার পাশাপাশি বাড়ি থেকে কয়েক কিমি দুরত্বে কিভাবে ওই ব্যক্তির মৃত্যু হয়েছে তার তদন্ত করে দেখছে সামশেরগঞ্জ থানার পুলিশ।


# বক্রেশ্বরে স্কুলে মিড ডে মিলের সামগ্রী চুরি



**আমীরুল ইসলাম ● বোলপুর**

**আপনজন:** বীরভূমের বক্রেশ্বর নিম্ন বুনিয়াদি বিদ্যালয় ও বক্রেশ্বর জুনিয়র হাই স্কুলের মিড ডে মিলের সামগ্রী চুরি যাওয়ায় এলাকায় চাঞ্চল্য দেখা যায়। সিভিক ভলেন্টিয়ার মারফত জানতে পারেন বলে জানান বক্রেশ্বর নিম্ন বুনিয়াদি বিদ্যালয়ের প্রধান শিক্ষক কল্যাণ আচার্য। তিনি জানান বিষয়টি দুবরাজপুর থানায় অবগত করবেন।মিড ডে মিলের বেশ কিছু সামগ্রী চুরি যায় বলে তিনি জানান। অন্যদিকে বক্রেশ্বর জুনিয়র হাই স্কুলে একই রাতে চুরি হয়। বক্রেশ্বর জুনিয়র হাই স্কুলের সহকারী শিক্ষক অভিষেক মুখার্জী বলেন তাদের প্রায় সাড়ে চার বস্তা চাল ও মিড ডে মিলের সামগ্রী চুরি যায় । এই ঘটনায় উভয় স্কুল বেশ সমস্যায় পড়েছেন। কেননা আজ পড়ুয়াদের জন্য মিড ডে মিলের রান্না হবে কী ভাবে? পুলিশ এই চুরির ঘটনায় তদন্ত করছে।

# জয়নগর থানায় পুজো কমিটি নিয়ে বৈঠক



**চন্দনা বন্দ্যোপাধ্যায় ● জয়নগর**

**আপনজন:** দূর্গাপুজো আসন্ন। আর সেই উৎসবকে সামনে রেখে শুক্রবার বিকেলে জয়নগর থানার উদ্যোগে জয়নগর শিবনাথ শাস্ত্রী সদনে জয়নগর থানার সকল পুজো কমিটির সদস্যদের নিয়ে এক আলোচনা সভা হয়ে গেল। উপস্থিত ছিলেন বারুইপুর এস ডি পি ও অতীশ বিশ্বাস, জয়নগর ১ নং ব্লকের জয়েন্ট বিডিও তনয় মুখার্জি, জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির সভাপতি ঋতুপর্ণা বিশ্বাস,জয়নগর থানার আই সি পার্থ সারথি পাল,এস আই উত্তম ঘোষ, জয়নগর মজিলপুর পৌরসভার চেয়ারম্যান সুকুমার হালদার, ভাইস চেয়ারম্যান রথীন কুমার মন্ডল,রাজ্য উৎসব কমিটির চেয়ারম্যান গোবিন্দ চক্রবর্তী, সমাজসেবী তুহিন বিশ্বাস, দমকল কেন্দ্রের আধিকারিক সহ অনেকে।

